এ.এফ.সি-র সহায়িকা

# প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা

2019

Advocates for Children of New York

Protecting every child's right to learn

কপিরাইট © 2019 অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, আই.এন.সি. কর্তৃক .

# সূচীপত্র


ভূমিকা..........3
প্রিস্কুল বিশেষ শিক্ষার সংক্ষিপ্ত বিবরণ..........4
ধাপ একঃ রেফারাল..........6
ধাপ দুই: মূল্যায়ন..........7
ধাপ তিন: আই.ই.পি তৈরি করা..........10
ধাপ চার: আই.ই.পি পরিষেবা শুরু করা..........19
অন্যান্য প্রিস্কুল কার্যক্রম..........23
আর্লি ইন্টারভেনশন থেকে উত্তরণ..........25
কিন্ডারগার্টেনে উত্তরণ..........28
যথাযথ প্রক্রিয়ার অধিকার..........30
যোগাযোগের তথ্য..........32
বিশেষ শিক্ষার কমিটি..........33
অতিরিক্ত রিসোর্সেস..........34
সহায়তামূলক পরামর্শ..........35


এই সহায়িকাটিতে আইনি পরামর্শ দেওয়া হয়নি। এই নির্দেশিকায় এ.এফ.সি-এর মতামত না জানিয়ে বলবত নীতি ও আইনগুলির সংক্ষিপ্ত বিবরণ দেওয়ার চেষ্টা করা হয়েছে। আপনার আইনগত সমস্যা থাকলে অনুগ্রহ করে কোনও এটর্নি অথবা আইনজীবীর সাথে যোগাযোগ করুন।

# ভূমিকা

3-5 বছর বয়সী শিক্ষার্থী যাদের প্রতিবন্ধকতা অথবা ক্রমবিকাশে দেরি হওয়া তাদের শেখার ক্ষমতার উপর প্রভাব ফেলতে পারে তারা প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পেতে পারে। এই পরিষেবাগুলি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন(ডি.ও.ই) বা শিক্ষা দপ্তরের তরফ থেকে বিনামূল্যে যোগ্য শিক্ষার্থীদের দেওয়া হয়। বিশেষ শিক্ষা পরিষেবাগুলি আপনার সেই সমস্ত উদ্বেগের নিরসন করতে সহায়তা করে যেগুলি আপনার প্রিস্কুল সন্তানের শেখা, কথা বলা, দৈহিক বিকাশ, অথবা আচরণগত, এবং অন্যান্য দিকগুলি সম্পর্কে রয়েছে।

আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাগুলির জন্য উপযুক্ত বলে বিবেচিত হবে যদি তার নিম্নলিখিত বিকাশের পাঁচটি ক্ষেত্রের কোনও একটিতে উল্লেখযোগ্য বিলম্ব প্রদর্শন করে:

- **বোধশক্তিমূলক:** (চিন্তা এবং শিক্ষা);
- **যোগাযোগ:** (ভাষা বুঝতে পারা এবং ব্যবহার করা);
- **শারীরিক/অঙ্গ সঞ্চালন:** (দৃষ্টিশক্তি, শ্রবণশক্তি, এবং চলাফেরা);
- **সামাজিক/মানসিক:** (অন্যান্যদের সঙ্গে মেলামেশা করার দক্ষতা); এবং
- **অভিযোজনমূলক/স্বাবলম্বন:** (স্বনির্ভরভাবে জীবনযাপনের দক্ষতা, যেমন টয়লেট যাওয়া, খাওয়া এবং পোশাক পরা)

**প্রতিটি শিশুরই নিজস্ব গতিতে বিকাশ ঘটে, তবে বিশেষজ্ঞরা কিছু দক্ষতার একটি চার্ট তৈরি করেছেন যা সাধারণত প্রিস্কুল শিশুরা বিভিন্ন বয়সে করতে পারে, এটি অনলাইনে এখানে উপলব্ধ: http://www.cdc.gov/ncbddd/actearly/milestones/index.html.**

আপনার সন্তানের মধ্যে যদি বিকাশগত বিলম্ব দেখা যায়, তাহলে আপনার সন্তানের পরিষেবা প্রয়োজন রয়েছে কিনা তা দেখার জন্য আপনি ডি.ও.ই-কে মূল্যায়নর অনুরোধ জানাতে পারেন। যদি আপনার সন্তান পরিষেবাগুলির যোগ্য হয় তাহলে ডি.ও.ই-কে একটি **ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আই.ই.পি)** তৈরি করার জন্য আপনার সঙ্গে কাজ করতে হবে। আই.ই.পি হল একটি পরিকল্পনা যা আপনার সন্তানের ক্ষমতা সম্পর্কে আলোচনা করে এবং আপনার সন্তানের অনন্য চাহিদাগুলি পূরণ করতে ডি.ও.ই যে পরিষেবাগুলি প্রদান করবে সেগুলি নির্দিষ্ট করে। এই পরিষেবাগুলি বাড়িতে, আপনার সন্তানের প্রিস্কুল অথবা চাইল্ড কেয়ার সেন্টারে, আলাদা একটি বিশেষ শিক্ষা পরিকাঠামোতে অথবা কয়েকটি পরিকাঠামোর সংমিশ্রণে প্রদান করা যেতে পারে।

উদাহরণ হিসেবে বলা যায়, কিছু শিক্ষার্থী তাদের কথোপকথনের ক্ষেত্রে বিলম্ব থাকলে তার জন্য স্পীচ থেরাপি পেতে পারে, যেখানে অন্য শিক্ষার্থীরা প্রতি সপ্তাহে কিছু ঘন্টা ধরে বিশেষ শিক্ষা শিক্ষকের সঙ্গে কাজ করতে পারে। এই ধরনের পরিষেবাগুলির মাধ্যমে, বহু শিক্ষার্থী অন্যান্য প্রতিবন্ধকতা নেই এমন শিশুদের সঙ্গে সাধারণ শিক্ষা প্রিস্কুল কার্যক্রমে অংশ নিতে সক্ষম হয়, যেমন হেড স্টার্ট অথবা প্রি-কে। কিছু শিক্ষার্থী যাদের আরও লক্ষণীয় চাহিদা রয়েছে তারা ছোট, বিশেষভাবে পরিকল্পিত বিশেষ শিক্ষা প্রিস্কুল ক্লাসে যেতে পারে যেখানে বিশেষ শিক্ষা প্রশিক্ষকরা শিক্ষাদান করেন।

প্রিস্কুলের বছরগুলি ক্রমবিকাশে বিলম্ব অথবা প্রতিবন্ধকতা রয়েছে এরকম শিক্ষার্থীদের বিশেষ শিক্ষা পরিষেবা দেওয়ার জন্য খুবই গুরুত্বপূর্ণ সময়। এই ছোট্ট বয়স শিশুদের মস্তিষ্কে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিকাশগুলি ঘটার সময় তাই এই হল উপযুক্ত সময় যখন পরিষেবাগুলি সবচেয়ে বেশি প্রভাব ফেলতে পারে। এই সহায়িকাটি আপনাকে আপনি কিভাবে আপনার প্রিস্কুল সন্তানের তার পড়াশোনা, সামাজিক, এবং মানসিক উন্নতির জন্য এবং সফল হওয়ার জন্য প্রস্তুত হয়ে কিন্ডারগার্টেনে প্রবেশের জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলি পাওয়া নিশ্চিত করতে সাহায্য করতে পারেন তা ব্যাখ্যা করবে।

# প্রিস্কুল বিশেষ শিক্ষার সংক্ষিপ্ত বিবরণ

## প্রিস্কুল বিশেষ শিক্ষা কার্যক্রমটি ঠিক কি?

প্রিস্কুল বিশেষ শিক্ষা কার্যক্রম হল জাতীয় আইনের একটি অংশ যাকে বলা হয় ইন্ডিভিজুয়ালস উইথ ডিজেবিলিটিস অ্যাক্ট(আই.ডি.ই.এ)। আই.ডি.ই.এ অনুযায়ী প্রতিবন্ধকতা অথবা ক্রমবিকাশে বিলম্ব হচ্ছে এমন শিশুদের **বিনামূল্যে, যথাযথ সরকারি শিক্ষা** (এফ.এ.পি.ই)পাওয়ার অধিকার রয়েছে। আইনটি 0-3 (আর্লি ইন্টারভেনশন), 3-5(প্রিস্কুল বিশেষ শিক্ষা) এবং 5-21(স্কুলের যাওয়ার বয়সীদের জন্য বিশেষ শিক্ষা) বছর বয়সী শিশুদের পরিষেবা দেয়। প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা অবশ্যই **ন্যূনতম নিয়ন্ত্রকমূলক পরিবেশে**(এল.আর.ই) দিতে হবে, যার অর্থ হল, বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার যোগ্য একজন প্রতিবন্ধী শিক্ষার্থীকে যতটা সম্ভব তার অ-প্রতিবন্ধী শিক্ষার্থীদের সঙ্গে শিক্ষা দিতে হবে।

## এন.ওয়াই.সি-তে কারা বিশেষ শিক্ষা কার্যক্রমটি পরিচালনা করেন?

**এন.ওয়াই.সি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (ডি.ও.ই) বা** শিক্ষা দপ্তরের দশটি **বিশেষ শিক্ষা কমিটি** আছে (সি.এস.ই), প্রতিটি শহরের বিভিন্ন অংশে অবস্থিত। আবার প্রত্যেকটি সি.এস.ই-তে একটি করে **প্রিস্কুল বিশেষ শিক্ষা কমিটি (সি.পি.এস.ই)** আছে যা সেই এলাকায় বসবাসকারী 3-5 বছর বয়সী শিশুদের বিশেষ শিক্ষা পরিষেবাগুলি পরিচালনা করে। সি.এস.ই অফিসের তালিকা দেখতে 34 পৃষ্ঠা দেখুন।

## আমার সন্তান কখন প্রিস্কুল বিশেষ শিক্ষার যোগ্য হবে ?

আপনার সন্তানের বয়স যে বছর 3 বছর হবে সে সেই বছর থেকেই প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পেতে পারে। তবে যোগ্যতার সঠিক তারিখটি আপনার সন্তানের জন্মদিনটির উপর নির্ভর করবে:

- যদি আপনার শিশুর তৃতীয় জন্মদিন যদি ।লা জানুয়ারি থেকে 30শে জুনের মধ্যে হয়: আপনার শিশু 2রা জানুয়ারি থেকে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য হবে।
- যদি আপনার শিশুর তৃতীয় জন্মদিন ।লা জুলাই থেকে 30শে ডিসেম্বরের মধ্যে হয়: আপনার শিশু ।লা জুলাই থেকে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য হবে।

কিছু কম বয়েসী শিশু হয়তো ইতিমধ্যেই আর্লি ইন্টারভেনশন(ই.আই)কার্যক্রমের মাধ্যমে পরিষেবা পাচ্ছে, যার মাধ্যমে ক্রমবিকাশে বিলম্ব হচ্ছে অথবা প্রতিবন্ধকতা রয়েছে এমন 0 থেকে 3 বছর বয়সী শিশুদের পরিষেবা দেওয়া হয়। যদি আপনি চান যে আপনার সন্তান ই.আই শেষ হওয়ার পর বিশেষ শিক্ষা পরিষেবা পেতে থাকুক তাহলে আপনার সন্তানকে সি.পি.এস.ই-ক কাছে রেফার করতে হবে। পরিষেবাটি আপনা থেকে ক্রমাগত চলতে থাকবে না। আপনার শিশুর তৃতীয় জন্মদিনের অনেক আগেই সি.পি.এস.ই-র কাছে সুপারিশ করা নিশ্চিত করতে হবে যাতে পরিষেবায় ছেদ না পড়ে। 25 পৃষ্ঠার “আর্লি ইন্টারভেনশন থেকে উত্তরণ” দেখুন।

# আমার সন্তানের জন্য প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা কিভাবে পেতে পারি?

প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পদ্ধতিতে চারটি ধাপ রয়েছে।

1. **রেফারাল (6 পৃষ্ঠা)** : আপনি প্রিস্কুল বিশেষ শিক্ষা মূল্যায়ন চান সেটি জানিয়ে আপনার প্রিস্কুল স্পেশাল এডুকেশন কমিটিকে (সি.পি.এস.ই) একটি চিঠি লেখা উচিত। একে বলা হয় "রেফারাল"।

2. **মূল্যায়ন (7 পৃষ্ঠা)** : আপনার রেফারাল চিঠিটি পাঠালে সি.পি.এস.ই আপনাকে একটি মূল্যায়ন এজেন্সির তালিকা পাঠাবে। এই মূল্যায়নর কোনও খরচ আপনাকে দিতে হবে না। মূল্যায়নটি আপনার সন্তানের শক্তি, বিকাশগত বিলম্বের ক্ষেত্রগুলি, এবং শিক্ষা সংক্রান্ত চাহিদাগুলি পরীক্ষা করবে। সি.পি.এস.ই আপনার সন্তানের কেসটি একজন সি.পি.এস.ই পরিচালকের ওপর ন্যস্ত করবে যিনি আপনার যোগাযোগের ব্যক্তি হবেন।

3. **আই.ই.পি তৈরি করা (10 পৃষ্ঠা)** : মূল্যায়ন শেষ হওয়ার পর সি.পি.এস.ই পরিচালক আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার যোগ্য কিনা নির্ধারণ করার জন্য আপনার সঙ্গে একটি মিটিং -এর সময় স্থির করবেন। যদি আপনার সন্তান যোগ্য হয় তাহলে দলটি একটি শিক্ষামূলক পরিকল্পনা তৈরি করবে, যাকে বলা হয় ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আই.ই.পি), যা নির্দেশ করে যে আপনার সন্তানের চাহিদা পূরণ করার জন্য তার কোন বিশেষ শিক্ষা পরিষেবাগুলি পাওয়ার অধিকার আছে। এই টিমটি সিদ্ধান্ত নেবে যে আপনার সন্তানের বিশেষ শিক্ষা ক্লাস, কোনও বিশেষ শিক্ষা শিক্ষকের কাছে পড়াশুনা করা, আনুষঙ্গিক পরিষেবাগুলি বা অন্য কোনও ধরনের কার্যক্রমের প্রয়োজন আছে কিনা।

4. **আই.ই.পি পরিষেবার শুরু করা (19 পৃষ্ঠা)** : আই.ই .পি মিটিং-এর পরে সি.পি.এস.ই আপনার সন্তানের আই.ই.পি-তে তালিকাভুক্ত সমস্ত বিশেষ শিক্ষা পরিষেবার ব্যবস্থা করবে। এর মধ্যে থাকবে আপনার সন্তানের আই.ই.পি-তে সুপারিশ করা হয়ে থাকলে বিশেষ শিক্ষা ক্লাস খুঁজে বের করা এবং আপনার সন্তানের আই.ই.পি-তে থাকলে আনুষঙ্গিক পরিষেবা দেওয়ার জন্য থেরাপিস্ট খুঁজে বের করা।

**আরও জানুন :**

5-21 বছরের শিশুদের বিশেষ শিক্ষা সম্পর্কে আরও জানতে অনুগ্রহ করে এ.এফ.সি-র বিশেষ শিক্ষা সহায়িকাটি দেখুন, যা আমাদের ওয়েবসাইটে
ইংরেজি, স্প্যানিশ, আরবি, বাংলা ও চীনা ভাষায় উপলভ্য এই ঠিকানায়
**http://www.advocatesforchildren.org/get help/guides and resources**



# ধাপ এক: রেফারাল

আপনি যদি আপনার প্রিস্কুলের বয়সী সন্তানের বিকাশ সম্পর্কে উদ্বিগ্ন থাকেন এবং বিশেষ শিক্ষা পরিষেবার জন্য মূল্যায়নে আগ্রহী হন, তাহলে আপনাকে প্রিস্কুল বিশেষ শিক্ষা কমিটির (সি.পি.এস.ই) কাছে একটি চিঠি লিখতে হবে। এই চিঠিটিকে বলা হয় রেফারাল।

## রেফারাল চিঠিটি আমি কোথায় পাঠাবো?

সি.পি.এস.ই হল বিশেষ শিক্ষা কমিটি (সি.এস.ই)-র একটি অংশ। সি.এস.ই-র 10টি অফিস রয়েছে এবং প্রত্যেকটি শহরের বিভিন্ন অঞ্চলকে পরিষেবা প্রদান করে। আপনাকে সেই সি.পি.এস.ই অফিসের সভাপতিকে চিঠি লিখতে হবে যেটির আওতায় আপনার বসবাসের অঞ্চলটি পড়ে। প্রতিটি সি.পি.এস.ই অফিসের যোগাযোগের তথ্য এবং সভাপতির নাম জানতে 34 পৃষ্ঠা দেখুন। আপনার ঠিকানাটি কোন সি.এস.ই অফিসের আওতায় রয়েছে জানার জন্য আপনি এই দুটির একটি করতে পারেন:

- 311-এ ফোন করুন; অথবা
- ডি.ও.ই এর স্কুল সার্চ ওয়েবসাইটে যান এই ঠিকানায় schools.nyc.gov/find-a-school। আপনার শিশুর বাসার ঠিকানা এন্টার করে "সার্চ" ক্লিক করুন। ওয়েবসাইটটি আপনার ঠিকানার জন্য ঐ জোনের স্কুলের তথ্য দেবে। স্কুলের নামের নিচে দেখুন যে স্কুলটি কোন স্কুল ডিস্ট্রিক্টের আওতাধীন, সেটাই আপনার ডিস্ট্রিক্ট হবে। প্রতিটি সি.এস.ই অফিস কয়েকটি স্কুল ডিস্ট্রিক্ট কভার করে থাকে। কোন সি.এস.ই অফিস আপনার ডিস্ট্রিক্ট কভার করছে তা জানতে পৃষ্ঠা 33 দেখুন।

## রেফারাল চিঠিতে আমার কি লেখা উচিত?

আপনার লেখা উচিৎ যে আপনি নিজের সন্তানের বিকাশ সম্পর্কে উদ্বিগ্ন এবং একটি প্রিস্কুল বিশেষ শিক্ষা মূল্যায়নর জন্য অনুরোধ জানাচ্ছেন। উদ্বেগের নির্দিষ্ট কোনও ক্ষেত্র থাকলে সেটি আপনার উল্লেখ করা উচিৎ এবং আগে আপনার সন্তান কোনও পরিষেবা পেয়ে থাকলে সে বিষয়েও জানানো উচিত। ঠিকানা সহ আপনার যোগাযোগের সম্পূর্ণ তথ্য দেওয়া উচিৎ এবং একটি টেলিফোন নম্বর দেওয়া প্রয়োজন যার মাধ্যমে সি.পি.এস.ই আপনার সঙ্গে যোগাযোগ করতে পারে। আপনি ইংরেজি ছাড়া অন্য কোনও ভাষায় কথা বললে আপনার পছন্দের ভাষাটি উল্লেখ করা উচিত।

আপনার সন্তান যদি বর্তমানে আর্লি ইন্টারভেনশন (ই.আই) পরিষেবাগুলি পায়, তাহলে আপনি আপনার ই.আই পরিষেবার কোঅর্ডিনেটরকে চিঠি লিখতে সাহায্য করতে বলতে পারেন। আপনার সন্তান যে ই.আই পরিষেবাগুলি পাচ্ছে সেটি চিঠিতে উল্লেখ করা উচিৎ। 25 পৃষ্ঠায় "আর্লি ইন্টারভেনশন থেকে উত্তরণ" দেখুন।

### পরামর্শ

আমরা পরামর্শ দিই যে আপনি এমন একটি পদ্ধতিতে অনুরোধ পাঠান যেখানে সি.এস.ই কোন তারিখে সেটি পেয়েছে তার একটি প্রমাণ আপনার কাছে থাকে। আপনি চিঠিটি ফ্যাক্স করতে পারেন এবং ফ্যাক্স কনফার্মেশন শিটটি নিজের কাছে রাখতে পারেন, সি.এস.ই অফিসে গিয়ে চিঠিটি দিয়ে আসতে পারেন এবং কর্মীদের কারোকে সেটির একটি কপি তারিখসহ স্ট্যাম্প করার অনুরোধ করতে পারেন, বা পোস্ট অফিসের জবাবী রসিদের অনুরোধের পরিষেবা ব্যবহার করে সেটি ডাকযোগে পাঠাতে পারেন।

# ধাপ দুইঃ মূল্যায়ন

আপনার রেফারেল চিঠিটি সি.এস.ই অফিস পাওয়া মাত্রই, তৎক্ষণাৎ সি.পি.এস.ই এর আপনার পছন্দের ভাষায় একটি প্যাকেট পাঠিয়ে দেওয়া উচিৎ। প্যাকেটে যা থাকবে: আপনার রেফারেল পাওয়ার নোটিশ, NYC তে অনুমোদিত প্রিস্কুল বিশেষ শিক্ষার মূল্যায়ন এজেন্সির তালিকা, একটি "প্রাথমিক মূল্যায়নের জন্য সম্মতি" ফর্ম, যে পরিবারটি কোন অস্থায়ী আবাসনে থাকে কিনা এবং কোন অতিরিক্ত সাহায্যের দরকার পড়বে কিনা তা নির্ধারণ করার জন্য একটি আবাসন সংক্রান্ত প্রশ্নমালা, *ডি.ও.ই ফ্যামিলি গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসেস*, ডি.ও.ই এর আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম ও আপনার অধিকার সংক্রান্ত তথ্য সংবলিত একটি ফ্লাইয়ার। সি.পি.এস.ই একজন **সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটরকে** অ্যাসাইন করবে যে পুরো প্রক্রিয়া জুড়ে আপনার সাথে যোগাযোগ করবে, যদি রেফারেল পাঠানোর এক সপ্তাহের মধ্যে আপনি এই প্যাকেট না পেয়ে থাকেন, তাহলে সাহায্যের জন্য আপনার সি.এস.ই অফিসে কল করা উচিৎ। প্যাকেটটি পাওয়ার পর, আপনার সন্তানের মূল্যায়ন ব্যবস্থা আপনার ঠিক করে নেওয়া উচিৎ।

## আমি কিভাবে মূল্যায়নর ব্যবস্থা করব?

স্টেট অনুমোদিত এজেন্সির তালিকা থেকে একটি মূল্যায়ন এজেন্সি বেছে নেওয়ার অধিকার আপনার রয়েছে। সি.পি.এস.ই প্যাকেটে দেওয়া অনুমোদিত এজেন্সির তালিকা পর্যালোচনা করে দিন। তালিকাটি অনলাইনেও পাওয়া যাবে এই ঠিকানায় http://www.p12.nysed.gov/specialed/preschool/program-list-nyc-region.html (MDE বা মাল্টি-ডিসিপ্লিনারি ইভ্যালুয়েশন খুঁজে নিন)। যদিও অনুমোদিত মূল্যায়ন সাইটগুলোর অধিকাংশই প্রাইভেট এজেন্সি, প্রতিটি সি.এস.ই অফিসেরও একটি প্রিস্কুল মূল্যায়ন টিম আছে যারা আপনার সন্তানের মূল্যায়ন করতে পারবে। তালিকা থেকে একটি এজেন্সি বেছে নিয়ে দ্রুত একটি অ্যাপয়েন্টমেন্ট ঠিক করে দিন। মূল্যায়নটি করার জন্য আপনার কোনো অর্থ ব্যয় করতে হবে না। যদি মূল্যায়ন সাইট বেছে নিতে আপনার সাহায্যের দরকার পড়ে, তাহলে আপনি আপনার সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটরের সাথে যোগাযোগ করতে পারেন।

যদি আপনার সন্তানের বাড়ির ভাষা ইংরেজি না হয়ে থাকে, আপনার সন্তানের দ্বিভাষিক মূল্যায়ন হওয়া উচিৎ। মূল্যায়নটি ইংরেজিতে ও আপনার সন্তানের বাড়ির ভাষা ও ইংরেজি বোঝে এমন প্রফেশনালদের দ্বারা নেওয়া হবে। দ্বিভাষিক মূল্যায়ন করে এমন এজেন্সি খুঁজে পেতে আপনার সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটরের সাথে যোগাযোগ করুন। আপনার ও আপনার সন্তানের জন্য দোভাষী খুঁজে বের করার দায়িত্ব আপনার নয়।

মূল্যায়ন এজেন্সি বাছাই করার সময়, আপনাকে জেনে নিতে হবে যে এজেন্সিটি কত দ্রুত আপনার সন্তানের মূল্যায়ন সম্পন্ন করতে পারবে। আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্টে আপনার সন্তানের মূল্যায়নের ব্যাপারে রাজি থাকা সাপেক্ষে আপনাকে সম্মতি ফর্মে স্বাক্ষর করতে বলা হবে। সম্মতি ফর্মে আপনার স্বাক্ষর করার দিন থেকে 60 পঞ্জিকা দিবসের মধ্যে ডি.ও.ই কে অবশ্যই একটি ইন্ডিভিজ্যুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আই.ই.পি) মিটিং করতে হবে। যেহেতু এই সময়সীমা আপনার সম্মতি ফর্মে স্বাক্ষর না করা পর্যন্ত শুরু হতে পারছে না, তাই মূল্যায়নের জন্য দ্রুত আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট ঠিক করে নেওয়া গুরুত্বপূর্ণ।

## মূল্যায়নগুলির জন্য সম্মতি দেওয়ার অর্থ কি?

মূল্যায়ন এজেন্সি আপনার সন্তানের মূল্যায়ন করার আগে আপনাকে অবশ্যই লিখিত অনুমতি দিতে হবে। একে বলা হয় **অবগত সম্মতি**। অবগত সম্মতির অর্থ হল যে এজেন্সিটি আপনার পছন্দের ভাষায় প্রাসঙ্গিক সমস্ত তথ্য ও অধিকারগুলি সম্পর্কে আপনাকে সম্পূর্ণভাবে জানিয়েছে। আপনার সম্মতি অবশ্যই স্বেচ্ছায় এবং লিখিতভাবে দিতে হবে, এবং যেকোনো সময় তা প্রত্যাহার (ফিরিয়ে নেওয়া) করে নেওয়া যাবে। একজন মাতাপিতা হিসেবে আপনি যদি মূল্যায়ন সম্মতি না দেন তাহলে বিশেষ শিক্ষা মূল্যায়ন শুরু হতে পারবে না, এবং সি.পি.এস.ই পরবর্তী কোনও পদক্ষেপ নেবে না।

মূল্যায়ন সম্মত হওয়ার মাধ্যমে আপনি বিশেষ শিক্ষা পরিষেবার জন্য সম্মতি দিচ্ছেন না। আপনি নিজের সন্তানের মূল্যায়ন করাতে পারেন এবং তার বিশেষ শিক্ষা পরিষেবা না পাওয়ার সিদ্ধান্ত নিতে পারেন।

আপনি আপনার সন্তানের মূল্যায়নর সম্মতি প্রত্যাহার করতে চান একথা সি.পি.এস.ই-কে লিখিতভাবে জানিয়ে যে কোনও সময় আপনার সন্তানের মূল্যায়নর প্রক্রিয়া থামানোর অধিকার আপনার রয়েছে। যখনই আপনি মূল্যায়ন থামানোর সিদ্ধান্ত নেবেন, আপনার সন্তানের সি.পি.এ.ই-র কেসটি আপনাআপনি বন্ধ হয়ে যাবে।

## আমার সন্তানের কি ধরনের মূল্যায়ন করা হবে?

মূল্যায়ন শুরু হওয়ার আগে, মূল্যায়নের এজেন্সি সেই সব ধরণের পরীক্ষাগুলি সম্পর্কে আপনাকে তথ্য দেবে যা করা যেতে পারে এবং আপনার মতামত জানতে চাইবে। আপনার সন্তানের বিকাশের কোনও বিশেষ ক্ষেত্র নিয়ে যদি আপনার উদ্বেগ থাকে, যেমন বাক এবং ভাষা অথবা শারীরিক বিকাশ, তাহলে আপনার সেই বিষয়ে এজেন্সিকে জানানো এবং সেই ক্ষেত্রটির মূল্যায়নর জন্য অনুরোধ করা উচিৎ।

**আপনার সন্তানের যদি এই প্রথমবার মূল্যায়ন করা হয়, তাহলে এজেন্সিটি মূল্যায়নর একটি প্রাথমিক সেট পরিচালনা করবে যার মধ্যে থাকবে:**

- মানসিক মূল্যায়ন (বুধ্যাঙ্ক এবং শিক্ষা সংক্রান্ত পরীক্ষা);
- সামাজিক ইতিহাস (পরিবার এবং সন্তান সম্পর্কে জানতে পিতামাতার সঙ্গে একটি মিটিং) ;
- শারীরিক মূল্যায়ন (মেডিকেল ফর্ম যা পরিবারগুলি প্রায়শই তাদের চিকিৎসককে দিয়ে পূরণ করান) ;
- আপনার সন্তানের পর্যবেক্ষণ



### অন্যান্য সম্ভাব্য মূল্যায়নগুলির মধ্যে আছে:

- বাক এবং ভাষার মূল্যায়ন
- শারীরিক/অকুপেশনাল মূল্যায়ন, অঙ্গ সঞ্চালনের (চলাফেরা) বিকাশ পরিমাপ করার জন্য
- ক্রিয়ামূলক আচরণগত মূল্যায়ন, যদি আপনার সন্তানের আচরণ শেখার ক্ষেত্রে ব্যাঘাত ঘটায়
- শ্রবণগত প্রক্রিয়াকরণের মূল্যায়ন
- শ্রবণ অথবা দৃষ্টিশক্তির পরীক্ষা

## আমি কি ব্যক্তিগত চিকিৎসক অথবা মূল্যায়নকারীর মূল্যায়ন জমা দিতে পারি?

হ্যাঁ, সি.পি.এস.ই-কে অবশ্যই আপনার সন্তান সম্পর্কে সমস্ত তথ্য বিবেচনা করতে হবে যার মধ্যে থাকবে আপনার দেওয়া তথ্য। আপনি যদি চান যে আপনার কাছে থাকা কোনও ব্যক্তিগত চিকিৎসক অথবা মূল্যায়নকারীর দেওয়া মূল্যায়নটি সি.পিএস.ই পর্যালোচনা করুক, তাহলে সেগুলি আপনার মূল্যায়ন এজেন্সিকে দেখানো উচিৎ এবং আপনার সি.পি.এস.ই পরিচালকের কাছে পাঠানো উচিৎ। যদি আপনার সন্তান আর্লি ইন্টারভেনশন(ই.আই) পরিষেবা পাচ্ছে তাহলে আপনার অনুমতি নিয়ে ই.আই পরিষেবা কোঅর্ডিনেটরের সেই ই.আই মূল্যায়ন এবং রেকর্ডগুলি সি.পি.এস.ই-র কাছে পাঠানো উচিৎ। সি.পি.এস.ই কখনও কখনও মূল্যায়ন এজেন্সির পরিচালিত নতুন মূল্যায়নের পরিবর্তে ব্যক্তিগত মূল্যায়ন অথবা সাম্প্রতিক ই.আই মূল্যায়ন গ্রহণ করে। অন্যান্য ক্ষেত্রে সি.পি.এস.ই সিদ্ধান্ত নেয় যে আপনার প্রদত্ত মূল্যায়নগুলি পর্যাপ্ত নয় এবং আবার একটি মূল্যায়ণ এজেন্সির মাধ্যমে নতুন মূল্যায়ন করায়। যাই হোক না কেন, আপনার দেওয়া সমস্ত তথ্যই সি.পি.এস.ই বিবেচনা করবে।

## আমার সন্তানের মূল্যায়ন করার পরে কি হবে?



আপনার সন্তানের মূল্যায়ন হওয়ার পরে সেই মূল্যায়নটি সি.পি.এস.ই পরিচালককে দেওয়া হবে, যিনি মূল্যায়নটি পর্যবেক্ষণ করে দেখবেন এবং একটি আই.ই.পি মিটিং-এর সময় নির্ধারণ করবেন। আপনাকে আপনার পছন্দের ভাষায় সমস্ত মূল্যায়নর কপি এবং রিপোর্টের সারাংশ দেওয়া হবে। যদি আপনার আই.ই.পি মিটিং-এর সময় স্থির হয়ে গিয়ে থাকে এবং আপনি মূল্যায়নগুলির কপি ও রিপোর্টের সারাংশ না পেয়ে থাকেন, তাহলে মিটিং-এর আগে মূল্যায়নগুলি পর্যালোচনা করার জন্য আপনার সি.পি.এস.ই পরিচালক এবং মূল্যায়ন এজেন্সির কাছে একটি কপির জন্য অনুরোধ জানানো উচিৎ।

## আমি মূল্যায়নর সঙ্গে একমত না হলে কি হবে?

মূল্যায়নটি নিয়ে আপনি সন্তুষ্ট না হলে, ডি.ও.ই-কে আপনি অন্য কোনও মূল্যায়ন এজেন্সির মাধ্যমে স্বতন্ত্র একটি মূল্যায়নর অর্থ প্রদানের জন্য অনুরোধ করতে পারেন। স্বতন্ত্র মূল্যায়ন ব্যক্তিগত মূল্যায়নের থেকে ভিন্ন কারণ এটির ব্যয়ভার ডি.ও.পি বহন করে এবং ডি.ও.পি-র সেটির ফলাফল দেখার অধিকার থাকে। আপনি যদি আপনার সন্তানের জন্য স্বতন্ত্র মূল্যায়ন চান তাহলে আপনার নিজের সি.পি,এস.ই পরিচালকের কাছে লিখিতভাবে অনুরোধ জানানো উচিৎ। ডি.ও.ই-কে হয় আপনার অনুরোধের সঙ্গে সম্মত হতে হবে অথবা এটা প্রমাণ করার জন্য নিরপেক্ষ শুনানির অনুরোধ করতে হবে যে প্রথম এজেন্সির করা মূল্যায়নটি যথাযথ ছিল। যদি ডি.ও.ই যুক্তিসংগত একটি সময়সীমার মধ্যে স্বতন্ত্র মূল্যায়নর জন্য করা আপনার অনুরোধের উত্তর দিতে ব্যর্থ হয়, তাহলে আপনি ডি.ও.ই যাতে স্বতন্ত্র মূল্যায়নর খরচ দেয় সেই দাবি করে নিরপেক্ষ শুনানির অনুরোধ করতে পারেন। 30 পৃষ্ঠায় “যথাযথ প্রক্রিয়ার অধিকার” দেখুন।

# ধাপ তিন: আই.ই.পি তৈরি করা

মূল্যায়ন সম্পূর্ণ হওয়ার পরে আপনার সি.পি.এস.ই পরিচালক একটি মিটিং-এর সময় এবং তারিখ জানিয়ে আপনাকে একটি বিজ্ঞপ্তি পাঠাবে। মিটিং-এর কমপক্ষে পাঁচদিন আগেই আপনার সেই লিখিত বিজ্ঞপ্তিটি পেয়ে যাওয়া উচিৎ। মিটিং-এ দলটি আপনার সন্তানের মূল্যায়ন পর্যালোচনা করে দেখবে এবং সিদ্ধান্ত গ্রহণ করবে যে আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার পাওয়ার যোগ্য কিনা। যদি আপনার সন্তান যোগ্য হয়, সেক্ষেত্রে দলটি একটি **ইন্ডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (আই.ই.পি)** তৈরি করবে। এই আই.ই.পি হল একটি আইনি নথি যা আপনার সন্তানের সামর্থ্য এবং চাহিদা বর্ণনা করে, সেই বিশেষ শিক্ষা পরিষেবার ধরনগুলি উল্লেখ করে যেগুলি পাওয়ার অধিকার আপনার সন্তানের রয়েছে, এবং সেই সব পরিষেবাগুলির মাধ্যমে আপনার সন্তান যে প্রগতি করবে তার লক্ষ্য স্থির করে।

## আই.ই.পি মিটিং কখন অনুষ্ঠিত হবে?

আপনার সন্তানের মূল্যায়নের ব্যাপারে রাজি থাকা সাপেক্ষে সম্মতি ফর্মে আপনার স্বাক্ষর করার দিন থেকে 60 পঞ্জিকা দিবসের মধ্যে আই.ই.পি মিটিং অবশ্যই হতে হবে। এই সময়ের মধ্যে মিটিং না হয়ে থাকলে, আপনার সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটরের সাথে যোগাযোগ করুন। যদি আপনার সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটর যোগাযোগ না করে থাকে, তাহলে আপনার অঞ্চলের সি.এস.ই চেয়ারকে কল করা উচিৎ। প্রতিটি সি.এস.ই অফিসের যোগাযোগ তথ্য জানতে পৃষ্ঠা 33 দেখুন। এরপরেও যদি কোনো সুরাহা না হয়, তাহলে 718-935-2007 নম্বরে বা specialeducation@schools.nyc.gov ইমেইল ঠিকানায় আপনি ডি.ও.ই এর বিশেষ শিক্ষা হটলাইনে যোগাযোগ করতে পারেন। আপনি অ্যাডভোকেটস ফর চিল্ড্রেনের সাথেও যোগাযোগ করতে পারেন।

### আপনার সন্তানের আই.ই.পি মিটিং-এর জন্য প্রস্তুতির পরামর্শ


- আপনার সন্তানের সমস্ত মূল্যায়ন, পর্যবেক্ষণ, রিপোর্টগুলি, এবং নথিপত্রগুলি পর্যালোচনা করুন। মূল্যায়নর কোন অংশগুলি আপনার সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে মনে হয়েছে, কোনগুলির সঙ্গে আপনি সম্মত, এবং কোন অংশগুলি সঠিক মনে হয়নি তা বিবেচনা করুন।
- যোগ্যতার মাপকাঠিগুলিও পর্যালোচনা করুন। 12 পৃষ্ঠা দেখুন।
- আপনার সন্তানের সামর্থ্য এবং চাহিদা ও যে বিষয়গুলি নিয়ে আপনার উদ্বেগ আছে তা নিয়ে আলোচনা করার জন্য প্রস্তুত থাকুন। আপনার সন্তানের বিলম্বগুলি এবং সেগুলি কিভাবে তার পড়াশোনা, সামাজিক এবং মানসিক, এবং শারীরিক বিকাশে প্রভাব ফেলছে তা নিয়ে বিস্তারিত বিবরণ দিতে পারা নিশ্চিত করুন।
- উপলব্ধ কার্যক্রম এবং পরিষেবাগুলিকে পর্যালোচনা করুন এবং আপনার সন্তানের কোনগুলি পাওয়া প্রয়োজন বলে আপনি মনে করেন তা নিয়ে চিন্তাভাবনা করুন। কার্যক্রম এবং পরিষেবাগুলির বিবরণ জানতে 14-17 পৃষ্ঠাগুলি দেখুন।
- আপনার সন্তানের সঙ্গে যে সমস্ত ব্যক্তিরা কথোপকথন করেন তাদের থেকে তথ্য জোগাড় করুন, যেমন প্রিস্কুল শিক্ষকরা অথবা চিকিৎসকরা, কারণ এটি আপনার সন্তানের চাহিদাগুলি ব্যাখ্যা করতে কাজে লাগতে পারে।
- আই.ই.পি মিটিং-এ জাদের থাকা উচিৎ তাদের কথা ভাবুন এবং তাদের আপনার সঙ্গে উপস্থিত থাকার অথবা টেলিফোনে অংশগ্রহণ করার ব্যবস্থা করুন। আপনার সন্তানের প্রিস্কুল শিক্ষকও যে অংশগ্রহণ করার পরিকল্পনা করছেন সেই বিষয়ে নিশ্চিত হয়ে নিন।

## আমার সন্তানের আই.ই.পি মিটিংয়ে কারা উপস্থিত থাকবেন?

আপনার সন্তানের আই.ই.পি মিটিং-এর দলে যাদের অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে তারা হলেন:

- আপনি, পিতা/মাতা;
- সি.পি.এস.ই পরিচালক, যিনি মিটিং-এ নেতৃত্ব দেবেন;
- অন্ততপক্ষে একজন বিশেষ শিক্ষা শিক্ষক অথবা আনুষঙ্গিক পরিষেবা প্রদানকারী(আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পেতে শুরু করার পরে বিশেষ শিক্ষা শিক্ষক অথবা পরিষেবা প্রদানকারী যিনি আপনার সন্তানের সঙ্গে কাজ করছেন তাদের মধ্যে অন্তত একজনকে আই.ই.পি মিটিংয়ে অবশ্যই থাকতে হবে);
- অন্তত একজন সাধারণ শিক্ষার শিক্ষক যদি আপনার সন্তানের জন্য সাধারণ শিক্ষা বিবেচনা করা হয়ে থাকে (যদি আপনার সন্তান কোনো সাধারণ শিক্ষার পাবলিক প্রিস্কুল ক্লাস করে থাকে যেমন 3-K, প্রি-K, আর্লিলার্ন NYC, বা হেডস্টার্ট, তাহলে *আপনার সন্তানের* অন্তত একজন শিক্ষককে আপনার সন্তানের আই.ই.পি মিটিংয়ে অবশ্যই অংশ নিতে হবে);
- যে এজেন্সি মূল্যায়ন করেছে সেটির একজন প্রতিনিধি অথবা এমন কোনও ব্যক্তি যিনি মূল্যায়নর ফলাফল ব্যাখ্যা করতে পারবেন;
- যদি আপনার সন্তানের ই.আই থেকে উত্তরণ হচ্ছে তাহলে আপনার সন্তানের আর্লি ইন্টারভেনশন পরিষেবা কোঅর্ডিনেটর (আপনার অনুরোধে);
- যদি আপনার পছন্দের ভাষা ইংরেজি না হয় তাহলে একজন দোভাষী।

আপনি আই.ই.পি মিটিং-এ সশরীরে বা ফোনের মাধ্যমে অংশগ্রহণ করার জন্য অন্য যেকোনো ব্যক্তিকে আমন্ত্রণ জানাতে পারেন। যেমন, আপনার সন্তানের প্রিস্কুলের কর্মীদলের কোনও সদস্য, কোনও বন্ধু, পরিবারের সদস্য, আইনজীবী, আর্লি ইন্টারভেনশন পরিষেবা প্রদানকারী, অথবা চিকিৎসককে আমন্ত্রণ জানাতে পারেন।



আপনার সন্তানের যদি আর্লি ইন্টারভেনশন থেকে প্রিস্কুল বিশেষ শিক্ষায় উত্তরণ হয় এবং আপনি যদি চান যে আপনার সন্তানের ই.আই পরিষেবার কোঅর্ডিনেটর আই.ই.পি মিটিং-এ অংশগ্রহণ করবেন তাহলে আপনার ই.আই পরিষেবার কোঅর্ডিনেটর এবং সি.পি.এস.ই পরিচালককে বিষয়টি জানানো উচিৎ। যদি আপনার পছন্দের ভাষা ইংরেজি না হয় তাহলে আপনাকে নিশ্চিত হতে হবে যে সি.পি.এস.ই পরিচালক যেন এই বিষয়ে অবগত থাকে যে আপনি চান যে মিটিং-এর জন্য সি.পি.এস.ই একজন দোভাষীর ব্যবস্থা করুক।

## আমার সন্তান পরিষেবাগুলি পাওয়ার যোগ্য কিনা তা দলটি কিভাবে ঠিক করবে?

আই.ই.পি মিটিং দল আপনার সন্তানের মূল্যায়ন পর্যালোচনা করবে। যদি এই মূল্যায়ন যদি দেখা যায় যে আপনার সন্তানের ***বিকাশে বিলম্ব অথবা প্রতিবন্ধকতা*** রয়েছে যা তার শেখার ক্ষমতার ওপর প্রভাব ফেলছে তাহলে আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাগুলির জন্য যোগ্য বিবেচিত হবে।

আপনার সন্তানের বিকাশের নিম্নলিখিত কার্যক্ষমতার ক্ষেত্রগুলিতে বিলম্ব থাকতে পারে:

- **বোধশক্তিমূলক:** চিন্তা, শেখা এবং পরিবেশের সঙ্গে ক্রিয়া-প্রতিক্রিয়ামূলক দক্ষতা।
- **যোগাযোগ:** কথা বলা, বুঝতে পারা, এবং ভাষা ও আকার-ইঙ্গিত ব্যবহার সংক্রান্ত দক্ষতা।
- **শারীরিক/অঙ্গ সঞ্চালন:** দৃষ্টিশক্তি, শ্রবণশক্তি, এবং চলাফেরা সংক্রান্ত দক্ষতা, যেমন হামাগুড়ি দেওয়া, হাঁটা, হাত ও আঙুলের ব্যবহার, এবং চোখ-হাতের মধ্যে সমন্বয়।
- **সামাজিক/আবেগগত:** অন্যান্যদের সঙ্গে মিলেমিশে থাকার দক্ষতা, যেমন অন্যের সম্পর্কে সচেতনতা, অনুভূতি প্রকাশ করার ক্ষমতা, এবং অন্য শিশুদের অনুকরণ করা।
- **অভিযোজনমূলক/স্বাবলম্বন:** আত্মনির্ভরতামূলক দক্ষতা, যেমন টয়লেট যাওয়া, খাওয়া এবং পোশাক পরা।




বিভিন্ন বয়সে প্রিস্কুল শিশুরা এই ক্ষেত্রগুলিতে সাধারণত যে দক্ষতা দেখায় তার তালিকা অনলাইনে এখানে পাওয়া যাবে: http://www.cdc.gov/ncbddd/actearly/milestones/index.html.

আপনার সন্তান তখনই প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাগুলির জন্য যোগ্য বিবেচিত হবে যদি তার এমন **বিকাশে *বিলম্ব*** থাকে যা একটি শিশুর শেখার ক্ষমতার ওপর প্রভাব ফেলে। সেই বিলম্বগুলি নিম্নরূপ হতে হবে:

- উপরে প্রদত্ত কর্মদক্ষতার ক্ষেত্রগুলির যেকোনো একটিতে 12-মাসের বিলম্ব; ***অথবা***
- কোনও একটি কর্মদক্ষতার ক্ষেত্রে 33% দেরি অথবা যেকোনো দুটি কর্মদক্ষতার ক্ষেত্রে 25% দেরি; ***অথবা***
- একটি ব্যবহারিক ক্ষেত্রে গড়ের নীচে কমপক্ষে 2.0 আদর্শ বিচ্যুতির স্কোর বা দুটি ব্যবহারিক ক্ষেত্রে গড়ের নীচে কমপক্ষে 1.5 আদর্শ বিচ্যুতির স্কোর(উপযুক্ত প্রমিত যন্ত্রপাতি ব্যবহার করা হয়ে থাকলে)

আইন অনুসারে **প্রতিবন্ধকতার নিম্নলিখিত তেরোটি শ্রেণী** ,যা একজন শিশুর শিক্ষামূলক কর্মক্ষমতাকে প্রভাবিত করতে পারে, তার মধ্যে যেকোনো একটি যদি আপনার সন্তানের থাকে তাহলেও সে প্রিস্কুল বিশেষ পরিষেবাগুলির জন্য উপযুক্ত হতে পারে: অটিজম, বধিরতা, বধির-অন্ধত্ব, শ্রবণজনিত প্রতিবন্ধকতা, অস্থিসংক্রান্ত প্রতিবন্ধকতা, অন্যান্য স্বাস্থ্য প্রতিবন্ধকতা, আঘাতজনিত কারণে মস্তিষ্কের ক্ষতি, অথবা দৃষ্টিগত প্রতিবন্ধকতা।

আপনার শিশু যদি এই মাপকাঠিগুলির একটিও পূরণ করে তাহলে সে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য বিবেচিত হবে। আই.ই.পি-তে আপনার সন্তানের যোগ্যতার শ্রেণী "প্রতিবন্ধকতা-সহ প্রিস্কুল শিক্ষার্থী" হিসাবে উল্লেখ করা হবে।

## আই.ই.পি দল যদি সিদ্ধান্ত নেয় যে আমার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার যোগ্য নয় তাহলে কি হবে?

যদি আই.ই.পি দল মূল্যায়ন পর্যালোচনা করে এবং সিদ্ধান্ত নেয় যে আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য নয়, সেক্ষেত্রে সি.পি.এস.ই আপনার সন্তান কি কারণে যোগ্য নয় সে বিষয়ে তথ্য জানাবে।

আপনি সি.পি.এস.ই-র সিদ্ধান্ত যে আপনার সন্তান পরিষেবাগুলির জন্য যোগ্য নয়, তার সঙ্গে সহমত না হলে বিরোধ নিষ্পত্তির জন্য মধ্যস্থতা এবং/অথবা নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ করতে পারেন। 30 পৃষ্ঠায় "যথাযথ প্রক্রিয়ার অধিকার" দেখুন। আপনি একটি স্বতন্ত্র মূল্যায়নর জন্যেও অনুরোধ জানাতে পারেন। পৃষ্ঠা 9 দেখুন।

আপনার সন্তান আর্লিলার্ন NYC, হেডস্টার্ট, চাইল্ড কেয়ার, 3-K বা প্রি-K প্রোগ্রামের মত যেকোনো সাধারণ শিক্ষার পাবলিক প্রিস্কুল প্রোগ্রামের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হতে পারে। পৃষ্ঠা 23 দেখুন।

## যদি আমার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য বিবেচিত হয় তাহলে আই.ই.পি-তে কী কী অন্তর্ভুক্ত করতে হবে?

যদি আই.ই.পি মিটিং-এ দলটি সিদ্ধান্ত নেয় যে আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার যোগ্য, সেক্ষেত্রে দলটি একটি আই.ই.পি তৈরি করবে যাতে নিম্নলিখিতগুলি অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে:

- আপনার সন্তানের বর্তমান সামর্থ্য, চাহিদার বিবরণ এবং পড়াশোনায় অগ্রগতি, সামাজিক বিকাশ, এবং শারীরিক বিকাশের ক্ষেত্রে মূল্যায়নর ফলাফল।
- বার্ষিক, পরিমাপ যোগ্য লক্ষ্য এবং স্বল্পমেয়াদী পরিমাপ যোগ্য উদ্দেশ্য অথবা মানদণ্ড যা আপনার সন্তানের প্রগতি মূল্যায়ন করতে ব্যবহৃত হবে।
- কিভাবে এবং কখন আপনার সন্তানের প্রগতির রিপোর্টগুলি পাবেন তার একটি বর্ণনা।
- প্রিস্কুল বিশেষ শিক্ষা ক্লাস, পরিষেবা, এবং/অথবা আপনার সন্তান যে সহায়তাগুলি পাবে সেগুলি সংক্রান্ত তথ্য। 14-17 পৃষ্ঠা দেখুন।



## আমার সন্তানের আই.ই.পি কি ধরনের কার্যক্রমের সুপারিশ করতে পারে?



যোগ্য প্রিস্কুল শিশুদের জন্য বিভিন্ন ধরনের বিশেষ শিক্ষা কার্যক্রম এবং পরিষেবা উপলব্ধ আছে। এই পরিষেবাগুলি কম নিয়ন্ত্রণমূলক থেকে বেশি নিয়ন্ত্রণমূলকের ধারাবাহিক শ্রেণীতে বিন্যস্ত। কম নিয়ন্ত্রণমূলক কার্যক্রমে শিশুরা আই.ই.পি নেই এমন প্রিস্কুলারদের পাশাপাশি পরিষেবা পেতে পারে। বেশি নিয়ন্ত্রণমূলক কার্যক্রম আরও গুরুতর প্রতিবন্ধকতা আছে এমন শিশুদের জন্য উপলব্ধ যাদের আই.ই.পি রয়েছে এমন শিশুদের পাশাপাশি আরও বেশি বিশেষজ্ঞ এবং সহায়ক পরিষেবাগুলি প্রয়োজন। আইন অনুসারে শিক্ষার্থীকে তার চাহিদার জন্য উপযুক্ত ন্যূনতম নিয়ন্ত্রকমূলক পরিবেশে শিক্ষিত করতে হবে।

প্রিস্কুল শিশুরা নিম্নলিখিত ধরনের কার্যক্রম পেতে পারে( কম নিয়ন্ত্রণমূলক থেকে বেশি নিয়ন্ত্রণমূলকের ক্রমে প্রদত্ত) :

→ **সম্পর্কিত পরিষেবাগুলি :** সম্পর্কিত পরিষেবাগুলিতে অন্তর্ভুক্ত রয়েছে স্পিচ থেরাপি, ফিজিকাল থেরাপি (পিটি), অকুপেশনাল থেরাপি (ওটি), কাউন্সেলিং, ভিশন ও হেয়ারিং পরিষেবা, ওরিয়েন্টেশন ও মোবিলিটি পরিষেবা, স্কুল স্বাস্থ্য পরিষেবা, প্যারেন্ট কাউন্সেলিং ও প্রশিক্ষণ। এই পরিষেবাগুলি লাইসেন্সপ্রাপ্ত প্রফেশনালরা দিয়ে থাকেন যারা আপনার সন্তানের সাথে এককভাবে বা ছোট গ্রুপে কাজ করবে। এই পরিষেবা দেওয়া হতে পারে আপনার সন্তানের 3-K, প্রি-K, প্রিস্কুল বা চাইল্ড কেয়ার সেন্টারে; আপনার বাড়িতে বা আপনার সন্তানের নির্দিষ্ট চাহিদা অনুযায়ী প্রযোজ্য হলে, কোনো থেরাপিস্টের অফিসে। আই.ই.পি মিটিংয়ে টিমকে ঠিক করে নিতে হবে যে আপনার সন্তানের কোন সম্পর্কিত পরিষেবাগুলি প্রয়োজন, সপ্তাহে কতগুলি সেশন হবে, প্রতিটি সেশনের সময় কত হবে, গ্রুপের সাইজ কত হবে এবং যেখানে পরিষেবা দেওয়া হবে সেই স্থান (সাধারণত আপনার সন্তানের প্রিস্কুল) কোথায় হবে। প্রিস্কুল শিশুরা সম্পর্কিত পরিষেবাগুলি তাদের একমাত্র বিশেষ শিক্ষা প্রোগ্রাম হিসেবে পেতে পারে বা নিম্নে উল্লিখিত যেকোনো প্রোগ্রামের সাথেও এই সম্পর্কিত পরিষেবাগুলি পেতে পারে।

→ **বিশেষ শিক্ষার ভ্রাম্যমাণ শিক্ষক (এস.ই.আই.টি) :**এস.ই.আই.টি হলেন একজন সার্টিফাইড বিশেষ শিক্ষার শিক্ষক যে শিক্ষাগত, আবেগ সংক্রান্ত ও সামাজিক দক্ষতা বিষয়ে আপনার সন্তানের সাথে এককভাবে বা ছোট গ্রুপে কাজ করবে। এস.ই.আই.টি পরিষেবা আপনার সন্তানের 3-K, প্রি-K, প্রিস্কুল বা চাইল্ড কেয়ার সেন্টার বা আপনার বাড়িতে দেওয়া হতে পারে। যদি আপনার সন্তানের আই.ই.পি এস.ই.আই.টি পরিষেবা দিয়ে থাকে, তাহলে সেটিতে উল্লেখ করা থাকবে আপনার সন্তানের সাথে প্রতি সপ্তাহে কত ঘন্টা একজন এস.ই.আই.টি কাজ করবে, গ্রুপের সাইজ এবং কোথায় এস.ই.আই.টি পরিষেবা দেওয়া হবে। আই.ই.পি টিম "পরোক্ষ এস.ই.আই.টি" পরিষেবার সুপারিশ করতে পারে যার ফলে আপনার সন্তানের চাহিদা পূরণ করতে শিক্ষার পরিবেশ ও নির্দেশনা দেওয়ার পদ্ধতিতে পরিবর্তন আনার জন্য একজন বিশেষ শিক্ষার শিক্ষক আপনার সন্তানের 3-K, প্রি-K, প্রিস্কুল বা চাইল্ড কেয়ার শিক্ষকের সাথে কাজ করতে পারবে।

→ **মিলিত কাঠামোতে বিশেষ ক্লাস ( এস.সি.আই.এস) :** মিলিত কাঠামোতে বিশেষ ক্লাস হলো একটি প্রিস্কুল ক্লাস যেখানে আই.ই.পি আছে এবং নেই এমন দুই ধরনের প্রিস্কুল শিক্ষার্থীদের মিলন ঘটে। এমন ক্লাসরুমে অবশ্যই একজন বিশেষ শিক্ষার শিক্ষক ও একজন প্যারাপ্রফেশনালকে থাকতে হবে এবং সেখানে অতিরিক্ত স্টাফ সদস্যও থাকতে পারে। এই ক্লাস সারা দিন (অন্তত পাঁচ ঘন্টা) বা অর্ধ-দিনের জন্য হতে পারে। এই ক্লাসের কিছু হয়ে থাকে কমিউনিটি-ভিত্তিক প্রিস্কুল প্রোগ্রামের আওতায়, আর অন্যগুলি হয়ে থাকে ডি.ও.ই এর পাবলিক স্কুল বা ডি.ও.ই এর প্রি-K সেন্টারে (3 ও 4 বছরের শিশুদের জন্য ডি.ও.ই পরিচালিত প্রোগ্রাম)।

→ **বিশেষ ক্লাস (এস.সি) :** বিশেষ ক্লাস হলো একটি প্রিস্কুল ক্লাস যেটি আই.ই.পি আছে এমন সব প্রিস্কুল শিক্ষার্থীদের জন্য। এই ক্লাসগুলি সাধারণ প্রিস্কুল ক্লাসরুমের থেকে সাইজে ছোট হয়ে থাকে এবং এতে শিক্ষক-প্রতি শিক্ষার্থীর আনুপাতিক হার কম থাকে। যদি আপনার সন্তানের আই.ই.পি বিশেষ ক্লাসের সুপারিশ করে থাকে, তাহলে তাতে শিক্ষক-প্রতি শিক্ষার্থীর আনুপাতিক হার অবশ্যই উল্লেখ করতে হবে। যেমন, 12:1:2 আনুপাতিক হারের মানে হলো ক্লাসে 12 জনের বেশি শিক্ষার্থী নেই, অন্তত একজন শিক্ষক ও দুইজন প্যারাপ্রফেশনাল সেখানে বিদ্যমান আছে। শিক্ষক-প্রতি শিক্ষার্থীর আনুপাতিক হার যত কম হবে, ক্লাসটি ততটা নিয়ন্ত্রিত বলে বিবেচিত হয়। এই ক্লাস সারা দিন (অন্তত পাঁচ ঘন্টা) বা অর্ধ-দিনের জন্য হতে পারে। এই ক্লাসের অধিকাংশ হয়ে থাকে কমিউনিটি-ভিত্তিক প্রিস্কুল প্রোগ্রামের আওতায়, আর কিছু হয়ে থাকে ডি.ও.ই এর পাবলিক স্কুল বা ডি.ও.ই এর প্রি-K সেন্টারে (3 ও 4 বছরের শিশুদের জন্য ডি.ও.ই পরিচালিত প্রোগ্রাম)।

→ **দ্বৈত সুপারিশ :** লক্ষণীয় চাহিদা আছে এমন প্রিস্কুলাররা দ্বৈত সুপারিশ পেতে পারে, যার অর্থ হল শিক্ষার্থীর জন্য স্কুলে অন্যান্য সম্পর্কিত পরিষেবাগুলির সঙ্গে বিশেষ ক্লাসের, এবং সেই সঙ্গে স্কুলের শেষে বাড়তি পরিষেবার সুপারিশ করা হয়েছে, কারণ শিক্ষার্থীটির পড়াশোনার ক্ষেত্রে উন্নতির জন্য এই পরিষেবাগুলি প্রয়োজন। উদাহরণ হিসেবে বলা যায়, শিক্ষার্থীটি 6:1:2 অনুপাতের প্রিস্কুল বিশেষ ক্লাসে থাকবে এবং স্কুলে সপ্তাহে দুইবার 30 মিনিট করে স্পীচ থেরাপি পাবে এবং স্কুলের শেষে প্রতি সপ্তাহে 30 মিনিটের স্পীচ থেরাপি এবং পাঁচ ঘন্টার এস.ই.আই.টি পরিষেবাও পাবে। আই.ই.পি পরিষেবাগুলির ধরন, প্রতি সপ্তাহের সেশনের সংখ্যা, প্রতিটি সেশনের সময়কাল, এবং স্কুলের ভিতর ও বাইরে, উভয় ধরনের পরিষেবার ক্ষেত্রে দলের আকার নির্দিষ্ট করে দেবে।

→ **আবাসিক প্লেসমেন্ট :** আবাসিক প্লেসমেন্ট হলো একটি বিশেষ শিক্ষা প্রোগ্রাম যা প্রতিদিন কমপক্ষে পাঁচ ঘন্টার জন্য সপ্তাহে পাঁচ দিন একটি প্রিস্কুল বিশেষ শিক্ষা প্রোগ্রামের আওতায় দেওয়া হয়ে থাকে এমন একটি স্থানে যেখানে শিশুদেরকে 24 ঘন্টাই কেয়ার করা হয়। এটি সেসব শিশুদের জন্য যাদের নিবিড় চাহিদার কারণে 24 ঘন্টা দেখভালের প্রয়োজন পড়ে।



## আই.ই.পি অন্য আর কী কী সহায়তা অথবা পরিষেবার সুপারিশ করতে পারে?

14–15 পৃষ্ঠায় তালিকাভুক্ত যেকোনো কার্যক্রমের সঙ্গে মিলিতভাবে বেশ কিছু অন্যান্য সহায়তা এবং পরিষেবা রয়েছে যা আই.ই.পি সুপারিশ করতে পারে। আপনার সন্তানের জন্য উপযুক্ত মনে করলে এরকম যেকোনো পরিষেবার অনুরোধ আপনার মিটিং-এ করা উচিৎ:

- **প্যারাপ্রফেশনাল:** স্বতন্ত্র পরিচালনার চাহিদা যেমন আচরণ পরিচালনা বা স্বাস্থ্য সংক্রান্ত চাহিদা পূরণের জন্য একজন শিক্ষার্থীর সঙ্গে স্বতন্ত্রভাবে বা ছোট দলে কাজ করার জন্য নিয়োগ করা একজন সহায়ক (শিক্ষক নন)।
- **সহায়ক প্রযুক্তি:** উপকরণ এবং পরিষেবা যা আপনার সন্তানকে চলাফেরা অথবা যোগাযোগ করতে সাহায্য করে। এর মধ্যে আছে একটি যোগাযোগের ডিভাইস, এফ.এম ইউনিট, অথবা কম্পিউটার অ্যাক্সেস করা। আপনার সন্তান, আপনার সন্তানের শিক্ষক, এবং আপনি, তার মাতাপিতাকে ডিভাইসগুলি কিভাবে ব্যবহার করতে হয় তার প্রশিক্ষণে সাহায্য করার জন্যেও সহায়ক প্রযুক্তি পরিষেবা উপলব্ধ আছে। আপনি যদি মনে করেন যে আপনার সন্তানের সহায়ক প্রযুক্তির প্রয়োজন রয়েছে, তাহলে সহায়ক প্রযুক্তির মূল্যায়নর জন্য আপনার সি.পি.এস.ই পরিচালককে বলতে পারেন।
- **দ্বিভাষিক পরিষেবা:** যদি আপনার সন্তান ইংরেজি ব্যতীত অন্য কোনো ভাষায় কথা বলে থাকে, তাহলে আই.ই.পি টিম দ্বিভাষিক পরিষেবার সুপারিশ করতে পারে। যেমন, যফি আপনার সন্তানের জন্য বিশেষ ক্লাসের সুপারিশ করা হয়, তাহলে আই.ই.পিতে উল্লেখ থাকবে যে আপনার সন্তানের দ্বিভাষিক ক্লাস প্রয়োজন যেখানে শিক্ষক আপনার সন্তানের সাথে তার বাড়ির ভাষা ও ইংরেজিতে কাজ করবে। বা, যদি আপনার সন্তানের জন্য স্পিচ থেরাপির সুপারিশ করা হয়, তাহলে আই.ই.পিতে উল্লেখ থাকবে যে আপনার সন্তানের স্পিচ থেরাপির জন্য এমন একজন সার্টিফাইড স্পিচ থেরাপিস্ট প্রয়োজন যে আপনার সন্তানের বাড়ির ভাষায় কথা বলতে পারে।
- **পরিবহন:** যদি আপনার সন্তানের আই.ই.পি মিলিত কাঠামোতে বিশেষ ক্লাস অথবা বিশেষ ক্লাসে ক্লাস করার সুপারিশ করে, তাহলে সি.পি.এস.ই আপনার সন্তানকে অবশ্যই প্রিস্কুল ক্লাসে যাতায়াতের জন্য পরিবহনের ব্যবস্থা করবে। যদি আপনার সন্তানের আই.ই.পি সম্পর্কিত পরিষেবার সুপারিশ করা হয়, এবং সেই পরিষেবাগুলি আপনার সন্তানের প্রিস্কুল অথবা বাড়ির বাইরে অন্য কোনও জায়গায় দেওয়া হয় (যেমন, সম্পর্কিত পরিষেবা এজেন্সিতে), তাহলে সি.পি.এস.ই আপনার সন্তানের জন্য অবশ্যই পরিবহনের ব্যবস্থা করবে অথবা মেট্রোকার্ড কিংবা গাড়িভাড়া দেবে অথবা আপনাকে পরিবহনের খরচ ফেরত দেবে যাতে আপনি নিজের সন্তানকে এজেন্সিতে আনতে পারেন। আই.ই.পি-তে উল্লেখ করা উচিৎ যে পরিবহনের সুবিধা দেওয়া হবে। 20 পৃষ্ঠা দেখুন।

## গ্রীষ্মকালেও কি পরিষেবা পাওয়া যাবে?

বেশিরভাগ প্রিস্কুল শিক্ষার্থীরাই তাদের আই.ই.পি-তে থাকা পরিষেবাগুলি স্কুল বর্ষ(সেপ্টেম্বর থেকে জুন) চলাকালীন 10 মাস ধরে পায়। শিশুদের তীব্র চাহিদা থাকলে এবং গ্রীষ্মকালীন পরিষেবা ছাড়া তাদের উল্লেখযোগ্যভাবে অবনতি (তারা যে দক্ষতা অর্জন করেছে সেগুলি হারানো) ঘটলে শিশুরা 12 মাসের কার্যক্রমের জন্যেও যোগ্য হতে পারে। যদি আপনি মনে করেন আপনার সন্তানের গ্রীষ্মকালীন পরিষেবার প্রয়োজন রয়েছে, তাহলে আপনার সন্তানের আই.ই.পি মিটিং-এ আপনার এই পরিষেবাগুলির অনুরোধ জানানো উচিৎ। এক্ষেত্রে আপনার সন্তানের শিক্ষক, চিকিৎসক, অথবা মূল্যায়নকারীর কাছ থেকে হয়তো আপনাকে নথিপত্র আনতে হতে পারে যা ব্যাখ্যা করে যে আপনার সন্তানের গ্রীষ্মকালীন পরিষেবা ছাড়া কিভাবে উল্লেখযোগ্যভাবে অবনতি ঘটতে পারে।

## আমার সন্তানের আই.ই.পি তালিকাভুক্ত পরিষেবাগুলির সঙ্গে আমি যদি সম্মত না হই?

আই.ই.পি মিটিং-এ আপনার ব্যাখ্যা করা উচিৎ যে আপনার সন্তানের জন্য কোন কার্যক্রম এবং পরিষেবাগুলি উপযুক্ত এবং আপনার কেন মনে হয় যে আপনার সন্তানের প্রগতির জন্য তার সেই পরিষেবাগুলি প্রয়োজন। কিন্তু আপনার সন্তানের কোন পরিষেবাগুলি প্রয়োজন সে বিষয়ে আপনি সি.পি.এস.ই পরিচালক এবং আই.ই.পি দলের সদস্যদের সঙ্গে একমত নাও হতে পারেন। উদাহরণ হিসেবে বলা যায়, আপনার মনে হতে পারে যে যথেষ্ট উন্নতির জন্য আপনার সন্তানের এস.ই.আই.টি পরিষেবাগুলি প্রয়োজন, কিন্তু দলটি আই.ই.পি-তে এস.ই.আই.টি পরিষেবা অন্তর্ভুক্ত করতে সম্মত নাও হতে পারে। আপনার মিটিং-এর সময় আপনার অসম্মতি ব্যাখ্যা করতে হবে। মিটিং-এর পরে যখন সি,পি.এস.ই পরিচালক যখন আপনার সন্তানের প্রয়োজনীয় পরিষেবাগুলির তালিকা সম্বলিত ফর্মটি আপনাকে দেবেন এবং পরিষেবাগুলি শুরুর জন্য অনুমতি চাইবেন তখন আপনার উচিৎ ফর্মে আপনার অসম্মতির বিষয়টির ব্যাখ্যা করে একটি বিবৃতি লেখা। এই বিরোধের সমাধান করার জন্য মধ্যস্থতা অথবা একটি নিরপেক্ষ শুনানির জন্য অনুরোধ করার অধিকার আপনার রয়েছে। 30 পৃষ্ঠায় "যথাযথ প্রক্রিয়ার অধিকার" দেখুন।

### আচরণগত সমস্যাগুলি মোকাবেলার জন্য উপলভ্য সহায়তা

প্রিস্কুল শিক্ষার্থী যাদের আচরণ শেখাকে ব্যাহত করে তাদের সাহায্যের জন্য বিভিন্ন ধরনের বিশেষ শিক্ষা পরিষেবা রয়েছে। যেমন, আপনার সন্তান হয়তো ক্লাসে ব্যাঘাত সৃষ্টি করে, ক্রিয়াকলাপে অংশ নিতে চায় না, অথবা এমন আচরণ করে যা তার নিজের/অন্যদের ক্ষতির ঝুঁকি তৈরি করে। এই আচরণগুলি সম্ভবত হয় প্রতিবন্ধকতা অথবা সামাজিক/আবেগগত বিকাশে বিলম্ব হওয়ার কারণে হয়। বহু ক্ষেত্রে শিক্ষার্থীরা তাদের আই.ই.পি-তে আচরণগত সহায়তা পায় যার সাহায্যে তারা সাধারণ শিক্ষা প্রিস্কুল কার্যক্রমে অংশ নিতে পারে।

যখন কোনও শিশুর আচরণ তার শেখায় ব্যাঘাত ঘটায় তখন মূল্যায়ন এজেন্সির উচিৎ একটি ফাংশনাল ***বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট*** (এফ.বি.এ) পরিচালনা করা যাতে শনাক্ত করা যায় যে শিশুটি ঠিক কি ধরনের আচরণ প্রদর্শন করছে, এবং শিশুটি সেই আচরণ কখন প্রদর্শন করছে এবং ঠিক কি কারণে সেই আচরণগুলি দেখা দিচ্ছে। যদি আপনি আপনার সন্তানের আচরণ নিয়ে উদ্বিগ্ন থাকেন, তাহলে সেটি সি.পি.এস.ই কে লেখা রেফারাল চিঠিতে (6 পৃষ্ঠা) উল্লেখ করা উচিৎ, এবং যখন আপনি মূল্যায়ন এজেন্সির সঙ্গে দেখা করবেন, তখন এজেন্সিকে একটি এফ.বি.এ আয়োজন করার জন্য অনুরোধ করা উচিৎ (৪ পৃষ্ঠা)। তখন আই.ই.পি দল একটি ***বিহেভিয়ার ইন্টারভেনশন প্ল্যান (বিআই.পি)*** তৈরিতে এফ.বি.এ-কে ব্যবহার করতে পারবে। বি.আই.পি সেইসমস্ত কৌশলকে বর্ণনা করে যা শিশুকে তার আচরণ পরিবর্তন করতে সাহায্য করবে।

আই.ই.পি দল "স্কুল কর্মচারীদের জন্য সহায়তা"-র সুপারিশও করতে পারে, যেমন আপনার সন্তানের আচরণের কিভাবে মোকাবিলা করতে হবে ডি.ও.ই-র মাধ্যমে প্রিস্কুল কর্মীদের তার প্রশিক্ষণ দেওয়া।

14-16 পৃষ্ঠায় আলোচিত বেশিরভাগ কার্যক্রম এবং পরিষেবাগুলি শিক্ষার্থীর আচরণ উদ্বেগগুলি মোকাবেলা করার জন্য আই.ই.পি অন্তর্ভুক্ত হতে পারে। উদাহরণ:

- সম্পর্কিত পরিষেবা হিসেবে কাউন্সেলিং
- এস.ই.আই.টি নির্দেশ এবং পরোক্ষ এস.ই.আই.টি পরিষেবা
- আচরণগত পরিচালনার চাহিদা পূরণের জন্য আধাপেশাদার
- মিলিত কাঠামোয় বিশেষ ক্লাস অথবা বিশেষ ক্লাস (সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য যাদের লক্ষণীয় আচরণগত সমস্যা রয়েছে এবং যাদের ছোট, আরও বেশি কাঠামোযুক্ত ক্লাসের প্রয়োজন)

## আমার সন্তানের আই.ই.পি কখন পর্যালোচনা করা হবে?

আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাগুলি পাওয়া কালীন সি.পি.এস.ই অবশ্যই বছরে অন্তত একবার আই.ই.পি মিটিং-এর আয়োজন করতে হবে। বার্ষিক পর্যালোচনা মিটিং-এর সময় ঠিক করার জন্য আপনার সি.পি.এস.ই পরিচালকের আপনার সঙ্গে যোগাযোগ করা উচিৎ। এই মিটিং-এ দলটি আপনার সন্তানের প্রগতি নিয়ে আলোচনা করবে এবং আপনার সন্তানের কার্যক্রম অথবা পরিষেবা পরিবর্তন করতে হবে কি সে বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করবে।

এই বার্ষিক পর্যালোচনা মিটিং-এর সঙ্গে সঙ্গে আপনার যেকোনো সময় একটি নতুন আই.ই.পি মিটিং-এর জন্য অনুরোধ করার অধিকার রয়েছে। যেমন, যদি আপনার মনে হয় যে আপনার সন্তান তার বর্তমান আই.ই.পি পরিষেবাগুলির মাধ্যমে যথেষ্ট উন্নতি করছে না তাহলে আপনি নতুন আরেকটি আই.ই.পি মিটিং-এর জন্য অনুরোধ জানাতে পারেন। যদি আপনার সন্তানের সর্বশেষ মূল্যায়নটির পরে এক বছরের বেশি সময় অতিক্রান্ত হয়ে থাকে তাহলে নতুন আরেকটি মূল্যায়নর অনুরোধও আপনি করতে পারেন। একটি নতুন আই.ই.পি মিটিং অথবা নতুন একটি মূল্যায়নর অনুরোধ করতে হলে আপনাকে আপনার সি.পি.এস.ই পরিচালকের কাছে একটি চিঠি জমা দিতে হবে। আপনাকে এটাও ব্যাখ্যা করতে হবে যে আপনার কেন মনে হচ্ছে যে আপনার সন্তানের নতুন একটি মূল্যায়ন অথবা নতুন আই.ই.পি মিটিং-এর প্রয়োজন। চিঠিটি কিভাবে জমা দিতে হবে তার নির্দেশ জানতে 6 পৃষ্ঠার "রেফারাল" দেখুন। সি.পি.এস.ই আপনার চিঠিটি পেলে আপনার পরিচালক একটি নতুন মূল্যায়নের ব্যবস্থা করবেন এবং ফলাফল আলোচনা করার জন্য এবং আপনার সন্তানের আই.ই.পি-তে থাকা পরিষেবাগুলি পরিবর্তন করতে হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য একটি নতুন আই.ই.পি মিটিং-এর সময় নির্দিষ্ট করবেন।

## আমার সন্তানের আই.ই.পি-তে থাকা পরিষেবাগুলি কি সি.পি.এস.ই সমাপ্ত করতে পারে?

সি.পি.এস.ই সিদ্ধান্ত নিতে পারে যে আপনার সন্তানের আর প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাগুলির প্রয়োজন নেই। একে বলা হয় **শ্রেণীচ্যুতি বা ডিক্লাসিফিকেশন**। আপনার সন্তানকে শ্রেণীচ্যুত করা এবং পরিষেবাগুলি সমাপ্ত করার আগে, সি.পি.এস.ই-কে অবশ্যই নতুন একটি মূল্যায়ন করতে হবে। এরপরে সি.পি.এস.ই-কে একটি নতুন আই.ই.পি মিটিং-এর আয়োজন করতে হবে এবং আপনার সন্তানের আই.ই.পি বদলে "প্রতিবন্ধকতা নেই" উল্লেখ করতে হবে। এই সিদ্ধান্তটি অবশ্যই এটি নিশ্চিত করার ভিত্তিতে নিতে হবে যে আপনার সন্তান প্রগতি করেছে এবং সে আর এমন কোনও বিকাশগত প্রদর্শন করে না যার জন্য সে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাগুলির যোগ্য হবে। যোগ্যতা সম্পর্কে আরও তথ্যের জন্য 12 পৃষ্ঠা দেখুন। একটি আই.ই.পি মিটিং-এ সি.পি.এস.ই যে কোনও বিশেষ একটি পরিষেবাও সমাপ্ত করতে পারে, যেমন স্পীচ থেরাপি, যদি আপনার সন্তানের সেই পরিষেবার আর প্রয়োজন না থাকে। আপনার সন্তানের পরিষেবা সমাপ্ত করার সিদ্ধান্তের সঙ্গে আপনি একমত না হলে, আপনার মধ্যস্থতা অথবা একটি শুনানির জন্য অনুরোধ করার অধিকার আছে। 30 পৃষ্ঠায় "যথাযথ প্রক্রিয়ার অধিকার" দেখুন।

# ধাপ চার: আই.ই.পি পরিষেবা শুরু করা

দলটি আপনার সন্তানের আই.ই.পি তৈরি করার পর, আই.ই.পি-তে সুপারিশ করা সমস্ত পরিষেবা শুরু করা সি.পি.এস.ই-র দায়িত্ব। আই.ই.পি একটি আইনি নথি এবং আপনার সন্তানের এতে থাকা সমস্ত পরিষেবা পাওয়ার অধিকার রয়েছে।

আই.ই.পি মিটিং-এর পরে, সি.পি.এস.ই পরিচালক আপনাকে একটি ফর্মে এই মর্মে স্বাক্ষর করতে বলবেন যে আপনার সন্তানের আই.ই.পি-তে তালিকাভুক্ত সবরকমের পরিষেবার সঙ্গে আপনি সহমত পোষণ করছেন। আপনি যদি পরিষেবাগুলির সঙ্গে সম্মত হন তাহলে আপনার ওই ফর্মটি স্বাক্ষর করে ফেরত দেওয়া উচিৎ যাতে আপনার সন্তান ওই পরিষেবাগুলি পাওয়া শুরু করতে পারে। ফর্মে স্বাক্ষর করার মাধ্যমে আপনি সম্মতি না জানানো পর্যন্ত আপনার সন্তান পরিষেবাগুলি পাবে না।

আপনি যদি আপনার সন্তানকে কোনও বিশেষ শিক্ষা পরিষেবা না দেওয়ার সিদ্ধান্ত নেন তাহলে আপনাকে ওই ফর্মে লিখতে হবে যে আপনি চান না যে আপনার সন্তান কোনও পরিষেবা পাবে। সি.পি.এস.ই আপনার সন্তানের কেসটি বন্ধ করে দেবে। আপনি যদি পরে আপনার মত পরিবর্তন করেন তাহলে আপনি সি.পি.এস.ই-কে একটি রেফারাল চিঠি পাঠাতে পারবেন। 6 পৃষ্ঠা দেখুন।

আপনি যদি চান যে আই.ই.পি-তে তালিকাভুক্ত পরিষেবাগুলির পরিবর্তে আপনার সন্তান অন্য কোনও পরিষেবা পাবে, তাহলে আপনাকে ফর্মে আপনার অসম্মতির কারণ ব্যাখ্যা করে একটি বিবৃতি লিখতে হবে। যদি আপনি মনে করেন যে আপনার সন্তানের আই.ই.পি-তে তালিকাভুক্ত পরিষেবাগুলি পাওয়া উচিৎ কিন্তু সেই সঙ্গে আপনার সন্তানের আরও অতিরিক্ত কিছু পরিষেবা পাওয়া উচিৎ তাহলে পরিষেবাগুলি শুরু করার জন্য আপনার ফর্মে স্বাক্ষর করা উচিৎ কিন্তু সেখানে লেখা উচিৎ যে আপনি মনে করেন আপনার সন্তানের আরও পরিষেবা পাওয়া উচিৎ। যেমন আপনার সন্তানের আই.ই.পি-তে যদি স্পীচ থেরাপির সুপারিশ করা হয় এবং আপনি সম্মত হন যে আপনার সন্তানের স্পীচ থেরাপির প্রয়োজন কিন্তু সেই সঙ্গে মনে করেন যে তার এস.ই.আই.টি পরিষেবারও প্রয়োজন আছে তাহলে আপনি আপনার সন্তানের আই.ই.পি-তে থাকা স্পীচ থেরাপি শুরু করার জন্য সম্মতিপত্রে স্বাক্ষর করতে পারেন এবং ফর্মে নোট লিখতে পারেন যে আপনি মনে করেন যে আপনার সন্তানের এস.ই.আই.টি পরিষেবারও প্রয়োজন। আপনি আপনার অসম্মতির মীমাংসা করার জন্য একটি নতুন আই.ই.পি মিটিং, মধ্যস্থতা বা একটি নিরপেক্ষ শুনানির অনুরোধ করতে পারেন। 30 পৃষ্ঠার "যথাযথ প্রক্রিয়ার অধিকার" দেখুন।

## আমার সন্তান কখন তার আই.ই.পি-তে থাকা পরিষেবাগুলি পাবে?

আই.ই.পি মিটিং হওয়ার পর যত দ্রুত সম্ভব আপনার সন্তানের পরিষেবা শুরু হয়ে যাওয়া উচিৎ। সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটরকে অবশ্যই দ্রুত পরিষেবা শুরু করার ব্যবস্থা নিতে হবে, তবে তা মূল্যায়ন এজেন্সিতে আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্টের সময় মূল্যায়ন সম্মতি ফর্মে আপনার স্বাক্ষর করার দিন থেকে 60 স্কুল দিবসের (প্রায় তিন মাস) মধ্যে হতে হবে। আপনার সন্তানের আই.ই.পিতে শুরুর তারিখ উল্লেখ করা থাকবে।

## আমার সন্তানের আই.ই.পি শুধুমাত্র সম্পর্কিত পরিষেবার সুপারিশ করলে সি.পি.এস.ই সেই পরিষেবাগুলির ব্যবস্থা কিভাবে করবে ?

স্পিচ থেরাপিস্ট, অকুপেশনাল থেরাপিস্ট বা ফিজিকাল থেরাপিস্টের মত সম্পর্কিত পরিষেবা প্রোভাইডার অ্যাসাইন করা সি.পি.এস.ই এর দায়িত্ব যাতে আপনার সন্তানের আই.ই.পিতে উল্লিখিত সম্পর্কিত পরিষেবাগুলি প্রদান করা যায়। অধিকাংশ প্রিস্কুল শিশু যাদের আই.ই.পি শুধুমাত্র সম্পর্কিত পরিষেবার জন্য বা সম্পর্কিত পরিষেবা ও এস.ই.আই.টির জন্য, তারা এই পরিষেবাগুলি পাবে এমন একটি এজেন্সির মাধ্যমে যার সি.পি.এস.ই এর সাথে কন্ট্র্যাক্ট রয়েছে। যদি আপনার সন্তান কোনো পাবলিক স্কুলে 3-K বা প্রি-Kতে থাকে, তাহলে স্কুলে কাজ করা ডিপার্টমেন্ট অফ এডুকেশনের প্রোভাইডাররা পরিষেবাগুলি দিতে পারবে। (যদি আপনার সন্তান কোনো মিলিত কাঠামোতে বিশেষ ক্লাস বা কোনো বিশেষ ক্লাসে থাকে, তাহলে সে এই সম্পর্কিত পরিষেবাগুলি তার প্রিস্কুল বিশেষ শিক্ষা প্রোগ্রামের মাধ্যমে পাবে।) উপযোগিতা অনুযায়ী পরিষেবাগুলি আপনার সন্তানের 3-K, প্রি-K, প্রিস্কুল, চাইল্ড কেয়ার সেন্টার বা বাড়িতে দেওয়া হতে পারে। স্থানের বিষয়টি আপনার সন্তানের আই.ই.পি মিটিংয়ে আলোচনা করে নিতে হবে এবং আপনার সন্তানের আই.ই.পি এর সামারি পৃষ্ঠায় লিখিত থাকতে হবে।

সি.পি.এস.ই প্রিস্কুল শিশু যারা শুধুমাত্র সম্পর্কিত পরিষেবা(অথবা সম্পর্কিত পরিষেবা এবং এস.ই.আই.টি)পাচ্ছে তাদের জন্য পরিষেবা প্রদানকারী নিযুক্ত করতে নিম্নলিখিত পদ্ধতিগুলি ব্যবহার করে:

- যদি আপনার সন্তান কোনো পাবলিক স্কুলের 3-K বা প্রি-Kতে থাকে, তাহলে স্কুলে কাজ করা প্রোভাইডাররা পরিষেবাগুলি প্রদান করবে যদি সম্ভব হয়। তা না হলে, সি.পি.এস.ই নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করবে।
- সি.পি.এস.ই আপনার সন্তানের কেসটি সেই বোরো-র মুখ্য এজেন্সি-তে পাঠাবে যেখানে আপনি বসবাস করেন এবং আপনার সন্তানের সম্পর্কিত পরিষেবা প্রদানকারী নিযুক্ত করা জন্য এজেন্সিকে পাঁচ দিনের সময় দেবে।
- যদি প্রাইমারি এজেন্সির কাছে পরিষেবা প্রদানকারী না থাকে, সি.পি.এস.ই আপনার সন্তানের কেসটি “সেকেন্ড টিয়ার” (দ্বিতীয় শ্রেণীভুক্ত)এজেন্সির কাছে পাঠাবে। এই এজেন্সিও পরিষেবা প্রদানকারী নিযুক্ত করার জন্য পাঁচদিনের সময়ই পাবে।
- সেকেন্ড টিয়ার এজেন্সির কাছেও যদি প্রদানকারী না থাকে, সি.পি.এস.ই আপনার সন্তানের কেসটি পাঠাবে “থার্ড টিয়ার” (তৃতীয় শ্রেণীভুক্ত)এজেন্সির কাছে। এই এজেন্সি পরিষেবা প্রদানকারী নিযুক্ত করার জন্য পাঁচদিনের সময় পাবে।
- এই তিন শ্রেণীর চুক্তিবদ্ধ কোনও এজেন্সি যদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে পরিষেবা প্রদানকারী নিযুক্ত করতে না পারে, সি.পি.এস.ই এক স্বতন্ত্র প্রদানকারী নির্বাচন করে তার সঙ্গে চুক্তি স্বাক্ষর করবে।

## আমার সন্তান তার সম্পর্কিত পরিষেবায় কি পরিবহনের সুবিধা পাবে?

আপনার সন্তানের জন্য উপযোগী এমন “ন্যূনতম নিয়ন্ত্রিত পরিবেশে” তাকে সম্পর্কিত পরিষেবাগুলি দেওয়া উচিৎ। অধিকাংশ শিশুর জন্য এটি হতে পারে তার 3-K, প্রি-K, প্রিস্কুল, চাইল্ড কেয়ার সেন্টার বা বাড়ি। তবে, যদি আই.ই.পি টিম মনে করে যে আপনার সন্তানের একটি সম্পর্কিত পরিষেবা এজেন্সি থেকে পরিষেবা পাওয়া উচিৎ বা যদি ডি.ও.ই আপনার সন্তানের প্রিস্কুল, চাইল্ড কেয়ার বা বাড়িতে যাওয়ার মত কোনো থেরাপিস্টকে খুঁজে না পায়, তাহলে সি.পি.এস.ই কর্তৃক প্রদানকৃত পরিবহন সুবিধা পাওয়ার অধিকার আপনার সন্তানের রয়েছে। যেমন, যদি আপনার সন্তান স্পিচ থেরাপিস্টের অফিসে গিয়ে স্পিচ থেরাপি নিয়ে থাকে, তাহলে অফিসে যাওয়া-আসার জন্য পরিবহন সুবিধা পাওয়ার অধিকার আপনার সন্তানের রয়েছে। যদি আপনি আপনার সন্তানকে স্পিচ থেরাপিস্টের অফিসে নিয়ে গিয়ে থাকেন, তাহলে সি.পি.এস.ই আপনার মেট্রোকার্ড বা ট্যাক্সি/গাড়ি সেবার জন্য যে খরচ হবে তা ফেরত দিয়ে দেবে। আপনাকে http://bit.ly/DOE-TransportationReimbursement এই ঠিকানায় উপলভ্য রিএমবার্সমেন্ট ফর্ম পূরণ করে আপনার সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটরকে দিতে হবে। যদি আপনি ডি.ও.ই এর অর্থ ফেরত দেওয়া পর্যন্ত অপেক্ষা না করতে পারেন, তাহলে আপনার সি.পি.এস.ই কে বলুন আপনাকে আগাম মেট্রোকার্ড দিতে বা আপনার জন্য ট্যাক্সি/গাড়ির ব্যবস্থা করে দিতে। যদি আপনি আপনার সন্তানকে সম্পর্কিত পরিষেবা এজেন্সির কাছে না নিয়ে যেতে পারেন, তাহলে সি.পি.এস.ই কে অবশ্যই আপনার সন্তানের জন্য পরিবহন ব্যবস্থা করে দিতে হবে।

## আমার সন্তানের সম্পর্কিত পরিষেবায় কোনও সমস্যা হলে আমার কি করা উচিত?

আপনার সন্তানের জন্য সম্পর্কিত পরিষেবা প্রদানকারী নিযুক্ত করার দায়িত্ব সি.পি.এস.ই-র। আপনার সন্তানের আই.ই.পি-র সমস্ত সম্পর্কিত পরিষেবা তার সঠিক সময়ে এবং যথাযথ স্থানে পাওয়ার অধিকার আপনার রয়েছে।

যদি আপনার সন্তান তার আই.ই.পি অনুযায়ী সম্পর্কিত পরিষেবাগুলি না পেয়ে থাকে, আপনার প্রথমেই আপনার সন্তানের সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটর বা একই বিল্ডিংয়ে কাজ করা সম্পর্কিত পরিষেবার দায়িত্বে থাকা সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেরের সাথে যোগাযোগ করতে হবে। যদি সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটর বিষয়টির কোনো সুরাহা করতে না পারে, আপনি সি.এস.ই চেয়ারের সাথে যোগাযোগ করতে পারেন। যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা 33 দেখুন। আপনি ডিপার্টমেন্ট অফ এডুকেশনকে এই ঠিকানায় relatedservices@schools.nyc.gov ইমেইল করতে পারেন। আপনাকে আপনার সন্তানের নাম, এন.ওয়াই.সি আইডি নম্বর, জন্মতারিখ, এবং যে পরিষেবাটি আপনার সন্তান পাচ্ছে না তার বিবরণ, এবং সি.পি.এস.ই অথবা সি.এস.ই-র সঙ্গে যোগাযোগের প্রচেষ্টা করার বিবরণ উল্লেখ করতে হবে। আপনি ইমেলে preschool@afcnyc.org ঠিকানাটিকে কপিও করতে পারেন যাতে অ্যাডভোকেটস ফর চিলড্রেন আপনার উদ্বেগের বিষয়টি সম্পর্কে ওয়াকিবহাল থাকে।

আপনার সন্তানের সম্পর্কিত পরিষেবাগুলির জায়গা নিয়ে কোনও সমস্যা হলে আপনি এই ঠিকানাতেও ইমেল করতে পারেন relatedservices@schools.nyc.gov এবং সেটিতে preschool@afcnyc.org কে কপি করতে পারেন। যেমন, যদি সম্পর্কিত পরিষেবা প্রদানকারী আপনার সন্তানকে দিনের বেলায় সম্পর্কিত পরিষেবার অফিসে নিয়ে আসতে বলেন, কিন্তু আপনার সন্তান পুরো দিন প্রিস্কুল কার্যক্রমে থাকে, সেক্ষেত্রে আপনি এমন একজন পরিষেবা প্রদানকারীর জন্য আবেদন করতে পারেন যিনি আপনার সন্তানের প্রিস্কুলে আসতে পারেন। আপনার যাতায়াতের খরচ ফেরত পাওয়া, মেট্রো কার্ড, অথবা অন্যান্য পরিবহণের ব্যবস্থা পেতে কোনও সমস্যা হলেও আপনি এই ই-মেল ঠিকানাগুলি ব্যবহার করতে পারেন।

> **আরও জানুন:**
>
> আরও তথ্যের জন্য, ডি.ও.ই এর ফ্যামিলি গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসেস দেখুন bit.ly/DOE-Preschool-IEP এই ঠিকানায়।

সি.পি.এস.সি যদি সময়ে পরিষেবাটি শুরু করার ব্যবস্থা না করতে পারে এবং তার জন্য আপনার সন্তানের সেশন বাদ পড়ে যায়, আপনি তাহলে পূরক পরিষেবার জন্য আবেদন জানাতে পারেন। আপনার সি.পি.এস.ই পরিচালকের কাছে পূরক পরিষেবার কথা জানাতে পারেন অথবা ই-মেল করতে পারেন relatedservices@schools.nyc.gov ঠিকানায় এবং ইমেলে preschool@afcnyc.org কে কপি করতে পারেন। আপনাকে জানাতে হবে আপনার সন্তানের আই.ই.পি-তে কোন ধরনের পরিষেবাগুলি উল্লেখ করা আছে, কখন সেই পরিষেবাগুলি শুরু হওয়ার কথা ছিল, আপনার সন্তানের কতগুলি সপ্তাহ বাদ পড়েছে এবং সমস্যা সমাধানের জন্য আপনি আপনার সি.এস.ই অথবা সি.পি.এস.ই-তে যোগাযোগের কি কি পদক্ষেপ নিয়েছিলেন। যদি ডি.ও.ই পূরক পরিষেবা প্রদান করতে অসম্মত হয়, সেক্ষেত্রে আপনার মধ্যস্থতা অথবা নিরপেক্ষ শুনানির জন্য আবেদন করার অধিকার রয়েছে। 30 পৃষ্ঠার "যথাযথ প্রক্রিয়ার অধিকার" দেখুন।

## আমার সন্তানের আই.ই.পি যদি এস.ই.আই.টি পরিষেবার সুপারিশ করে, সি.পি.এস.ই কিভাবে সেই কার্যক্রমটির ব্যবস্থা করবে?

যদি আপনার সন্তানের আই.ই.পিতে এস.ই.আই.টি এর সুপারিশ করা থাকে, তাহলে স্পেশাল এডুকেশন আইটিনেরান্ট টিচার (এস.ই.আই.টি) দিতে পারবে এমন এজেন্সির সাথে আপনার সন্তানকে অ্যাসাইন করা সি.পি.এস.ই এর দায়িত্ব। এস.ই.আই.টি এজেন্সি একজন প্রোভাইডারকে ঠিক করবে যে আপনার সন্তানের সাথে তার 3-K, প্রি-K, প্রিস্কুল, চাইল্ড কেয়ার সেন্টার বা বাড়িতে কাজ করবে। স্টেট অনুমোদিত এস.ই.আই.টি এজেন্সির তালিকা অনলাইনে উপলভ্য http://bit.ly/PreschoolApprovedListNYC এই ঠিকানায় (এস.ই.আই.এস কলাম দেখুন)।

## আমার সন্তানের আই.ই.পি তে যদি মিলিত কাঠামোতে বিশেষ ক্লাস অথবা বিশেষ ক্লাসের সুপারিশ করা হয়, সি.পি.এস.ই কিভাবে সেই কার্যক্রমটির ব্যবস্থা করবে?

আপনার সন্তানের আই.ই.পিতে যেরকম বিশেষ ক্লাস (এস.সি) বা মিলিত কাঠামোতে বিশেষ ক্লাস (এস.সি.আই.এস) এর সুপারিশ করা আছে সেই অনুযায়ী একটি প্লেসমেন্ট খুঁজে বের করা সি.পি.এস.ই এর দায়িত্ব। বিশেষ ক্লাসটি হতে হবে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট কর্তৃক অনুমোদিত কোনো প্রিস্কুল প্রোগ্রামের আওতায়। এসব ক্লাসের অধিকাংশ হয়ে থাকে কমিউনিটি-ভিত্তিক সংস্থা দ্বারা পরিচালিত প্রিস্কুলগুলিতে। এসব ক্লাসের কিছু হয়ে থাকে ডি.ও.ই পাবলিক স্কুল বা ডি.ও.ই প্রি-K সেন্টারে (3 ও 4 বছর শিশুদের জন্য ডি.ও.ই পরিচালিত প্রোগ্রাম)। স্টেট অনুমোদিত কমিউনিটি-ভিত্তিক প্রিস্কুল বিশেষ শিক্ষা প্রোগ্রামের তালিকা অনলাইনে উপলভ্য http://bit.ly/PreschoolApprovedListNYC এই ঠিকানায় (এস.সি বা এস.সি.আই.এস কলাম দেখুন)।



## আমি কি আমার সন্তানের প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাগুলি সমাপ্ত করতে পারি?

হ্যাঁ। আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবাটি যেকোনো সময় সমাপ্ত করার অধিকার আপনার রয়েছে। প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাটি সমাপ্ত করতে সি.পি.এস.ই পরিচালকের কাছে এই মর্মে চিঠি লিখুন যে আপনি আপনার সন্তানের জন্য আর কোনও আই.ই.পি পরিষেবা চাইছেন না। সি.পি.এস.ই আপনার সন্তানের জন্য আর কোনও রকম মূল্যায়ন অথবা কোনও আই.ই.পি মিটিং-এর ব্যবস্থা করবে না, এবং আপনার সন্তান আর প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পাবে না। যদি আপনি আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবা সমাপ্ত করেন এবং পরে মত পরিবর্তন করেন তাহলে আপনি একটি নতুন রেফারাল চিঠি লিখতে পারবেন এবং আপনার সন্তানের আবার মূল্যায়ন করা হবে। 6 পৃষ্ঠা দেখুন।

নিউ ইয়র্ক সিটিতে কয়েক ধরনের পাবলিক প্রিস্কুল প্রোগ্রাম রয়েছে। এসব প্রোগ্রাম ডিজঅ্যাবিলিটি সহ ও ছাড়া সব শিশুদের জন্য। এরকম যেকোনো একটি প্রোগ্রামে আপনার সন্তানকে অন্তর্ভুক্ত করার দায়িত্ব কিন্তু আপনারই। সি.পি.এস.ই এসব প্রোগ্রাম পরিচালনা করে না এবং আপনার জন্য এগুলোর ব্যবস্থা করে দেবে না। যদি আপনার সন্তানের আই.ই.পি সম্পর্কিত পরিষেবা বা এস.ই.আই.টি পরিষেবার সুপারিশ করে থাকে, আপনার সন্তানের জন্য

# অন্যান্য প্রিস্কুল কার্যক্রম

আপনি যে প্রিস্কুল প্রোগ্রাম ঠিক করবেন সেখানেই আপনার সন্তার এসব পরিষেবা পেতে পারে। (যদি আপনার সন্তানের আই.ই.পি প্রিস্কুল বিশেষ ক্লাস বা মিলিত কাঠামোতে বিশেষ ক্লাসের সুপারিশ করে থাকে, তাহলে সি.পি.এস.ই আপনার সন্তানের প্লেসমেন্টের ব্যবস্থা করে দেবে। পৃষ্ঠা 22 দেখুন। যদি আপনার সন্তানের আই.ই.পি *অর্ধ দিনের* জন্য বিশেষ ক্লাস বা মিলিত কাঠামোতে বিশেষ ক্লাসের সুপারিশ করে থাকে, তাহলে দিনের বাকি সময়ের জন্য আপনার সন্তান্ আর্লিলার্ন NYC, 3-K বা প্রি-K তে অংশগ্রহণ চালিয়ে যেতে পারবে।)

এই সেকশনে বিভিন্ন ধরনের ডিপার্টমেন্ট অফ এডুকেশন (ডি.ও.ই) এর পাবলিক প্রিস্কুল প্রোগ্রাম সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা রয়েছে যেগুলো আপনি আপনার সন্তানের জন্য বিবেচনা করতে পারেন।

## আর্লিলার্ন NYC (হেড স্টার্ট এবং চাইল্ড কেয়ার)

আর্লিলার্নNYC আয়ের হিসাব অনুযায়ী যোগ্য পরিবারগুলি থেকে 6 সপ্তাহ বয়সী শিশুদের জন্য তাদের কিন্ডারগার্টেনে ভর্তি হওয়া পর্যন্ত বিনামূল্যে বা কম খরচে সারা দিন ব্যাপী প্রিস্কুল প্রোগ্রাম পরিচালনা করে থাকে। শহর জুড়ে শত শত কমিউনিটি-ভিত্তিক প্রিস্কুল সেন্টারে এবং সেই সাথে বাড়ি-ভিত্তিক পারিবারিক চাইল্ড কেয়ার পরিবেশে এই প্রোগ্রাম উপলভ্য রয়েছে ।

পারিবারিক আয় এবং/বা চাইল্ড কেয়ারের জন্য পরিবারের চাহিদার কারণের উপর ভিত্তি করে শিশুরা আর্লিলার্ন NYC প্রোগ্রামের জন্য যোগ্য হিসেবে বিবেচিত হতে পারে। আপনার পছন্দের আর্লিলার্ন NYC প্রোগ্রাম আপনাকে আবেদন, যোগ্যতার শর্তাবলী ও ডকুমেন্টেশনের ব্যাপারে সাহায্য করতে পারবে। যদি আপনি পাবলিক সহায়তা পেয়ে থাকেন, তাহলে আপনার জব সেন্টারে আপনি চাইল্ড কেয়ারের জন্য আবেদন করতে পারেন।

3-5 বছরের শিশুদের নিয়ে কাজ করা হেড স্টার্টের জন্য যোগ্য শিশুদের নিয়ে কিছু আর্লিলার্ন NYC প্রোগ্রাম আছে। যেসব শিশুর প্যারেন্টদের কোনো আয় নেই বা নিম্ন আয়ের হয়ে থাকে, যদি তারা গৃহহীন বা অস্থায়ী আবাসনে থেকে থাকে বা ফস্টার কেয়ারে থাকে, তাহলে তারা হেড স্টার্টের জন্য যোগ্য বলে বিবেচিত হবে। অন্য আর্লিলার্ন NYC প্রোগ্রাম সেসব শিশুদের জন্য যারা NYC এর পাবলিক চাইল্ড কেয়ার প্রোগ্রামের জন্য যোগ্য বলে বিবেচিত। শিশুরা যোগ্য হবে যদি তাদের প্যারেন্ট পাবলিক সহায়তা পেয়ে থাকে, নিম্ন আয়ের হয়ে থাকে এবং তাদের শিক্ষা বা কাজের কারণে তাদের চাইল্ড কেয়ারের প্রয়োজন বা শহরের অ্যাডমিনিস্ট্রেশন ফর চিল্ড্রেনস সার্ভিসেস (ACS) এর সাথে তাদের কোনো অ্যাক্টিভ কেস থেকে থাকে। কিছু আর্লিলার্ন NYC প্রোগ্রাম আছে যেগুলি হেড স্টার্ট ও চাইল্ড কেয়ার উভয়ের জন্য যোগ্য বলে বিবেচিত শিশুদের নিয়ে কাজ করে থাকে।

আরও তথ্য জানতে বা আপনার নিকটস্থ আর্লিলার্ন সেন্টার খুঁজে পেতে, 311 নম্বরে কল করুন বা ডি.ও.ই আর্লিলার্ন ওয়েবসাইট ভিজিট করুন schools.nyc.gov/EarlyLearn এই ঠিকানায়।

# সবার জন্য 3-K ও প্রি-K

ডি.ও.ই বিনামূল্যে সারা দিন ব্যাপী (6 ঘন্টা 20 মিনিট) সবার জন্য 3-K ও প্রি-K প্রিস্কুল প্রোগ্রামও পরিচালনা করে থাকে। আর্লিলার্ন NYC প্রোগ্রামের তুলনায় যেকোনো আয়ের সকল NYC পরিবারের শিশুরা 3-K ও প্রি-K তে আবেদন করতে পারবে। 3-K ও প্রি-K ক্লাসগুলো পাবলিক স্কুল, ডি.ও.ই প্রি-K সেন্টার, চার্টার স্কুল ও নিউ ইয়র্ক সিটি আর্লি এডুকেশন সেন্টারস (এন.ওয়াই.সি.ই.ই.সি.স) নামের কমিউনিটি-ভিত্তিক সংস্থাগুলিতে হয়ে থাকে।

যে বছর শিশুদের তিন বছর হবে সেই বছরের সেপ্টেম্বরে তারা 3-K শুরু করতে পারবে এবং তার পরের বছরের সেপ্টেম্বরে যখন তাদের চার বছর হবে তখন প্রি-K শুরু করতে পারবে। ডি.ও.ই স্কুল বর্ষ শুরু হওয়ার আগে শীতকালে (প্রি-K) ও বসন্তকালে (3-K) একটি কেন্দ্রীয় আবেদন প্রক্রিয়া পরিচালনা করে থাকে। আপনি অনলাইনে, ফোনে বা ডি.ও.ই ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে নিজে এসে আবেদন করতে পারবেন।

নিউ ইয়র্ক সিটিতে বসবাসরত সকল চার বছরের শিশুদের জন্য প্রি-K আসন বরাদ্দ রয়েছে! যদি আপনি সময়মত আবেদন করেন, তাহলে আসন্ন সেপ্টেম্বর মাসে আপনার সন্তানের প্লেসমেন্টের ব্যাপারে ডি.ও.ই আপনাকে মে মাসে জানিয়ে দেবে। তবে, সীমিত আসন থাকার কারণে 3-K তে যেসব পরিবার আবেদন করবে তাদের সবাই প্লেসমেন্ট নাও পেতে পারে।

ডি.ও.ই এর আবেদন প্রক্রিয়া ও প্রোগ্রামের তালিকার তথ্য জানতে, 311 নম্বরে কল করুন বা ভিজিট করুন http://schools.nyc.gov/3k ও http://schools.nyc.gov/prek। 3-K ও প্রি-K প্রোগ্রাম খুঁজে পেতে আপনি প্রি-K ফাইন্ডারও ব্যবহার করতে পারেন এই ঠিকানায়।: https://maps.nyc.gov/prek ।

যদি আপনি নিশ্চিত না হয়ে থাকেন যে পরবর্তী বছরের জন্য আপনার সন্তানের কী ধরনের প্রিস্কুল ক্লাসের প্রয়োজন, তাহলে আপনার সন্তানের জন্য একটি আসন বরাদ্দ পাওয়ার লক্ষ্যে আপনি 3-K ও প্রি-K উভয়েই আবেদন করে রাখতে পারেন। যদি আই.ই.পি টিম মনে করে আপনার সন্তানের প্রিস্কুল বিশেষ ক্লাস বা মিলিত কাঠামোতে বিশেষ ক্লাসের প্রয়োজন, তখন আপনার সন্তানের আই.ই.পিতে উল্লিখিত ক্লাস পরিচালনা করে এমন প্রোগ্রাম সি.পি.এস.ই খুঁজে দেবে।



প্রিস্কুল অথবা চাইল্ড কেয়ার কার্যক্রম খোঁজা সংক্রান্ত আরও তথ্যের জন্য আপনি চাইল্ড কেয়ার রিসোর্স এবং রেফারাল কনসোর্টিয়ামে যোগাযোগ করতে পারেন। 32 পৃষ্ঠায় যোগাযোগের তথ্যগুলি দেখুন।

# আর্লি ইন্টারভেনশন থেকে উত্তরণ

আর্লি ইন্টারভেনশন (ই.আই) কার্যক্রমটি সদ্যোজাত থেকে 3 বছর বয়সী শিশুদের পরিষেবা দেয় যাদের বিকাশে দেরি অথবা প্রতিবন্ধকতা রয়েছে। এই ই.আই কার্যক্রমটি এন.ওয়াই.সি ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন পরিচালনা করে। বহু শিক্ষার্থী যারা ই.আই পরিষেবা পায় তারা 3 বছর বয়স হলে ডিপার্টমেন্ট শিক্ষা দপ্তরের প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার যোগ্য হয়। ই.আই এবং প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা দুটি স্বতন্ত্র কার্যক্রম যা স্বতন্ত্র সিটি এজেন্সি পরিচালনা করে। সুতরাং, আপনার সন্তানের ই.আই শেষ হওয়ার পরে যদি আপনি চান যে সে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবাগুলি পাবে তাহলে আপনাকে অবশ্যই একটি উত্তরণের পদ্ধতির মধ্যে দিয়ে যেতে হবে।

## আমার সন্তানের ই.আই থেকে সি.পি.এস.ই-তে উত্তরণ কখন ঘটবে?

আপনার সন্তানের যে বছর 3 বছর বয়স হবে সেই বছর সে ই.আই থেকে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবায় উত্তরণের যোগ্য হবে। আপনার সন্তানের বয়স 3 বছর হওয়ার অন্তত 6 মাস আগে থেকে আপনার সন্তানের ই.আই পরিষেবা কোঅর্ডিনেটরের আপনাকে উত্তরণ পদ্ধতিটি শুরু করতে সাহায্য করা উচিৎ।

শিশুর তৃতীয় জন্মদিনেই ই.আই পরিষেবাটি সমাপ্ত হওয়া নির্ধারিত থাকে। আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের আগেই যদি সি.পি.এস.ই কোনও আই.ই.পি মিটিং রাখে এবং দেখে যে আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার যোগ্য, সেক্ষেত্রে আপনি আপনার সন্তানের ই.আই পরিষেবাটির সময়কাল বাড়িয়ে নিতে পারবেন:

- যদি আপনার সন্তানের জন্মদিনটি 1লা জানুয়ারির থেকে 31শে অগাস্টের এর মধ্যে হয়: আপনার সন্তান 31শে অগাস্ট পর্যন্ত ই.আই পরিষেবা পেতে পারে।
- যদি আপনার সন্তানের জন্মদিনটি 1লা সেপ্টেম্বর থেকে 31শে অগাস্টের মধ্যে হয়: আপনার সন্তান 31শে ডিসেম্বর পর্যন্ত ই.আই পরিষেবা পেতে পারে।

**পরামর্শ**

আপনার সন্তানের ই.আই পরিষেবার সময়কাল বাড়ানোর বিকল্পটি অত্যন্ত দরকারি হতে পারে। প্রায়ই প্রিস্কুল বিশেষ শিক্ষা কার্যক্রমের জন্য অপেক্ষার তালিকা থাকে, এবং স্কুল বর্ষের মাঝখানের তুলনায় সেপ্টেম্বরে জায়গা খালি পাওয়া অনেক বেশি সহজ হয়। সুতরাং, আপনার সন্তানের ই.আই পরিষেবার সময়কাল বাড়িয়ে নিলে পরিষেবায় ছেদ পড়া এড়ানো যায়। এই বিকল্পটি পাওয়ার জন্য আপনাকে সি.পি.এস.ই রেফারাল পদ্ধতিটি অনেক আগে থেকে শুরু করা নিশ্চিত করতে হবে যাতে আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের আগেই আই.ই.পি মিটিংটি করা হয়।

যেমন, যদি আপনার সন্তানের জন্মদিন এপ্রিলের 10 তারিখ হয়, তাহলে আপনাকে নিশ্চিত করতে হবে যে আই.ই.পি মিটিংটি যাতে 10ই এপ্রিলের আগে করা হয়। যদি দেখা যায় যে আপনার সন্তান সি.পি.এস.ই পরিষেবা পাওয়ার যোগ্য, তাহলে দলটিকে অবশ্যই আপনার সন্তানের জন্য একটি সম্পূর্ণ আই.ই.পি তৈরি করতে হবে। আপনি সঙ্গে সঙ্গে আই.ই পরিষেবাগুলি সমাপ্ত করে সি.পি.এস.ই পরিষেবা শুরু করার সিদ্ধান্ত নিতে পারেন। অথবা, যেহেতু আপনার সন্তানের জন্মদিন 1লা জানুয়ারির থেকে 31শে অগাস্টের মধ্যে, আপনি আগস্টের 31 তারিখ পর্যন্ত ই.আই পরিষেবাটি চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিতে পারেন এবং সি.পি.এস.ই পরিষেবাটি সেপ্টেম্বর থেকে শুরু করতে পারেন। যদি আপনি ই.আই পরিষেবার সময়কাল বাড়ান, তাহলেও সি.পি.এস.ই-কে একটি আই.ই.পি সম্পূর্ণ করতে হবে এবং আপনার সন্তান সেপ্টেম্বর মাস থেকে কোন পরিষেবাগুলি পাবে উল্লেখ করে একটি ফর্ম জারি করতে হবে।

## আমার সন্তানকে কিভাবে ই.আই থেকে সি.পি.এস.ই-তে রেফার করা হবে?

আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষার জন্য যোগ্য হওয়ার 90-120 পঞ্জিকা দিবসের (প্রায় তিন থেকে চার মাস) পূর্বেই, ই.আই আপনার অনাপত্তি সাপেক্ষে স্থানীয় সি.পি.এস.ই অফিসকে লিখিতভাবে জানাবে যে আপনার সন্তানের ই.আই শেষ হতে চলেছে। এই নোটিফিকেশন আর রেফারেল এক নয়। আপনার সন্তান কখন প্রিস্কুল বিশেষ শিক্ষার জন্য যোগ্য হবে সেই তারিখগুলি জানতে পৃষ্ঠা 4 দেখুন।

আপনার সন্তানকে মূল্যায়ন এবং আই.ই.পি মিটিং-এর জন্য যাতে সি.পি.এস.ই-তে রেফার করা হয় তা নিশ্চিত করা আপনার দায়িত্ব। 6 পৃষ্ঠায় "রেফারাল" দেখুন। আপনি লিখিতভাবে সি.এস.ই-তে আপনার রেফারাল জমা দিতে পারেন অথবা আপনার সন্তানকে রেফার করার জন্য আপনার ই.আই পরিষেবা কোঅর্ডিনেটরকে অনুমতি দিতে পারেন। নিশ্চিত করুন যাতে সি.পি.এস.ই তে রেফারাল আপনার সন্তানের তৃতীয় জন্মদিনের কমপক্ষে তিন থেকে চার মাস আগে করা হয় যাতে আপনার সন্তানের পরিষেবায় কোনও ছেদ না পড়ে। 25 পৃষ্ঠা দেখুন।

## ই.আই উত্তরণ পরিকল্পনা এবং উত্তরণ আলোচনাসভাটি কি?



ই.আই থেকে যেসমস্ত শিশুদের উত্তরণ হচ্ছে তাদের প্রত্যেকের জন্যে ই. আই কে অবশ্যই লিখিত উত্তরণ পরিকল্পনা তৈরি করতে হবে। আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য হওয়ার কমপক্ষে 90 ক্যালেন্ডার দিবস ( প্রায় তিন মাস) আগে ই.আই-এর আনুষ্ঠানিকভাবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিকে একটি উত্তরণ আলোচনাসভার আয়োজন করতে হবে। আলোচনাসভায় থাকবেন আপনি (মাতাপিতা), আপনার ই.আই পরিষেবা কোঅর্ডিনেটর, আপনার ই.আই আনুষ্ঠানিকভাবে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি এবং আপনার সি.পি.এস.ই পরিচালক। আলোচনাসভায় দলটি প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পাওয়ার প্রক্রিয়া এবং উত্তরণ পরিকল্পনা তৈরির বিষয় আলোচনা করবে।

আপনার অনুমতি নিয়ে উত্তরণ আলোচনাসভার সঙ্গে মিলিতভাবে আপনার সন্তানের দ্বিতীয় বর্ষের জন্মদিনের সবচেয়ে কাছাকাছির ই.আই ইন্ডিভিজুয়ালাইজড ফ্যামিলি সার্ভিস প্ল্যান (আই.এফ.এস.পি) পর্যালোচনা মিটিং করা যেতে পারে। উত্তরণ আলোচনাসভা প্রারম্ভিক সি.পি.এস.ই মিটিং-এর সঙ্গেও মিলিতভাবে করা যেতে পারে যদি সেটি আপনার সন্তানের প্রিস্কুল বিশেষ শিক্ষার জন্য যোগ্য হওয়ার অন্তত 90 দিন আগে করা হয়।

ই.আই আপনাকে উত্তরণের আলোচনাসভাটি না করার জন্য অনুরোধ করতে পারে। যদিও, আলোচনাসভাটি করার আপনার অধিকার আছে এবং আপনার সেই অধিকার ছাড়ার প্রয়োজন নেই, এমনকি যদিও আপনি জানেন যে আপনি আপনার সন্তানকে সি.পি.এস.ই-তে রেফার করাতে চান অথবা আপনার সন্তানকে ইতিমধ্যেই সি.পি.এস.ই-তে রেফার করা হয়ে থাকে। এই আলোচনাসভা থেকে আপনি সি.পি.এস.ই এবং অন্যান্য প্রিস্কুল পরিষেবা সম্পর্কে বাড়তি তথ্য পেতে পারেন এবং আপনার সন্তানের পরিষেবায় ছেদ না পড়ার বিষয়টি নিশ্চিত করতে সাহায্য করতে পারে।

## আমার ই.আই পরিষেবা কোঅর্ডিনেটর কিভাবে আমাকে প্রিস্কুল বিশেষ শিক্ষা প্রক্রিয়ায় সাহায্য করতে পারেন?

আপনি সি.পি.এস.ই রেফারাল পদ্ধতিতে সাহায্য করার জন্য আপনার ই.আই পরিষেবা কোঅর্ডিনেটরকে অনুরোধ করতে পারেন। যেমন, আপনার পরিষেবা কোঅর্ডিনেটর আপনার সন্তানের সি.পি.এস.ই-তে রেফারালের চিঠিটি লিখতে সাহায্য করতে পারেন, অথবা, আপনার অনুমতি নিয়ে আপনার হয়ে রেফারাল চিঠিটি জমা করে দিতে পারেন। 6 পৃষ্ঠায় "রেফারাল" দেখুন। এছাড়াও আপনার পরিষেবা কোঅর্ডিনেটর আপনার রেফারাল চিঠি সম্পর্কে খোঁজখবর করা এবং একটি মূল্যায়নর ব্যবস্থা করতেও সাহায্য করতে পারেন। 7 পৃষ্ঠায় "মূল্যায়ন" দেখুন। আপনার সন্তানকে যে এজেন্সি ই.আই পরিষেবা দিচ্ছে সেটি একটি অনুমোদিত সি.পি.এস.ই মূল্যায়ন সাইটও হতে পারে।

আপনার সম্মতি নিয়ে, আপনার ই.আই পরিষেবা কোঅর্ডিনেটর আপনার সন্তানের সমস্ত ই.আই রেকর্ড (আই.এফ.এস,পি. এবং মূল্যায়নগুলি) সি.পি.এস.ই-তে পাঠাতে পারেন। সি.পি.এস.ই নতুন মূল্যায়ন করার পরিবর্তে আপনার সন্তানের ই.আই মূল্যায়ন ব্যবহারের সিদ্ধান্ত নিতে পারেন। কিন্তু যেহেতু আপনার সন্তানের সামর্থ্য এবং চাহিদার যদি পরিবর্তন হয়ে থাকে, আপনি নতুন মূল্যায়নর অনুরোধ করতে পারবেন। আপনি অনুরোধ করলে আপনার সন্তানের প্রথম আই.ই.পি মিটিং-এ আপনার ই.আই পরিষেবা কোঅর্ডিনেটরের অংশগ্রহণ করা উচিৎ।

যদি আপনার সন্তানের তৃতীয় জন্মদিন আসন্ন হয়ে থাকে এবং মূল্যায়ন সাইট তখনও মূল্যায়ন সম্পন্ন না করে থাকে বা সি.পি.এস.ই তখনও আই.ই.পি মিটিং না করে থাকে, তাহলে আপনি আপনার ই.আই সার্ভিস কোঅর্ডিনেটরের কাছে সাহায্য চাইতে পারেন। যদি এতেও কোনো সুরাহা না হয়, তাহলে আপনার সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটর, সি.এস.ই চেয়ার বা অ্যাডভকেটস ফর চিল্ড্রেনকে কল করুন। যোগাযোগের তথ্যের জন্য পৃষ্ঠা 33 দেখুন। আপনি ডি.ও.ই কে ইমেইল করতে পারেন eitopreschool@schools.nyc.gov এই ঠিকানায় এবং 718-935-2007 নম্বরে বা specialeducation@schools.nyc.gov এই ইমেইল ঠিকানায় ডি.ও.ই এর স্পেশাল এডুকেশন হটলাইনে যোগাযোগ করতে পারেন। ডি.ও.ই কে দেওয়া আপনার ইমেইলটির কপি AFC কে পাঠাতে পারেন preschool@afcnyc.org এই ঠিকানায়। সকল পরিষেবা আপনার সন্তানের তৃতীয় জন্মদিনেই সমাপ্ত হবে যদি না তার আগে কোনো আই.ই.পি মিটিং হয়ে থাকে এবং আপনার সন্তানকে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য বিবেচনা করা হয়ে থাকে। পৃষ্ঠা 25 দেখুন।

যদি আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবার যোগ্য না হয়ে থাকে বা আপনি যদি না চান যে আপনার সন্তান প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পেয়ে থাকুক, তখন আপনার ই.আই সার্ভিস কোঅর্ডিনেটর আপনাকে অন্যান্য প্রিস্কুল প্রোগ্রামের ব্যাপারে তথ্য দিতে পারবেন। পৃষ্ঠা 23-24 দেখুন।

**আরও জানুন:**
ই.আই সংক্রান্ত আরও তথ্য জানতে, অ্যাডভোকেটস ফর চিল্ড্রেনস গাইড টু আর্লি ইন্টারভেনশন দেখুন https://www.advocatesforchildren.org/get_help/guides_and_resources/early_childhood এই ঠিকানায়



# কিন্ডারগার্টেনে উত্তরণ

প্রিস্কুল বিশেষ শিক্ষা কার্যক্রমের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্দেশ্য হল একটি শিশুকে কিন্ডারগার্টেনে প্রবেশের জন্য এবং সফল হওয়ার জন্য প্রস্তুত করা। শিশুদের পাঁচ বছর বয়স হলে ক্যালেন্ডারের সেপ্টেম্বর মাসে তারা কিন্ডারগার্টেনে প্রবেশ করে। যে শিশু সেপ্টেম্বর মাসে কিন্ডারগার্টেনে প্রবেশ করবে সে পূর্ববর্তী স্কুল বর্ষ থেকে উত্তরণ পদ্ধতি শুরু করবে। পদ্ধতিটিতে নিম্নলিখিত ধাপগুলি রয়েছে:

## কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন মিটিং

আপনার সন্তান কিন্ডারগার্টেনে প্রবেশ করার আগের বছরের হেমন্তকালে শিক্ষা দপ্তর (ডি.ও.ই) আপনাকে কিন্ডারগার্টেন ওরিয়েন্টেশন মিটিং-এ অংশ নেওয়ার জন্য আমন্ত্রণ জানিয়ে একটি চিঠি পাঠাবে। পাঁচটি বড়োর সবকটির বিভিন্ন জায়গায় আয়োজিত এই মিটিংগুলিতে, ডি.ও.ই প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবারকে কিন্ডারগার্টেনে উত্তরণ সম্পর্কে তথ্য প্রদান করবে।

## রেফারালের বিজ্ঞপ্তি

আপনার সন্তান কিন্ডারগার্টেনে ভর্তি হওয়ার আগের বছরের শীতকালে ডি.ও.ই আপনাকে একটি নোটিশ দেবে যে সি.পি.এস.ই স্কুলে যাওয়া শিশুদের আপনার ডিস্ট্রিক্টের কমিটি অন স্পেশাল এডুকেশন (সি.এস.ই) এর কাছে আপনার সন্তানকে রেফার করেছে। নোটিশে যে ডি.ও.ই প্রতিনিধি আপনার সন্তানের উত্তরণ তদারক করবে তার যোগাযোগের তথ্য দেওয়া থাকবে। সাধারণত ডি.ও.ই প্রতিনিধি হয়ে থাকেন একজন সাইকোলজিস্ট বা স্থানীয় স্কুল বা সি.এস.ই অফিসে কাজ করা কোনো সামাজিক কর্মী।

## মূল্যায়নগুলি

আপনার ডি.ও.ই প্রতিনিধি আপনার সন্তানের প্রিস্কুল পরিষেবা প্রদানকারীদের দেওয়া প্রগতির রিপোর্ট সহ আপনার সন্তানের ফাইল পর্যালোচনা করবেন এবং তারপরে সিদ্ধান্ত নেবেন যে নতুন মূল্যায়নের প্রয়োজন আছে কি না। আপনি যেকোনো তথ্য জমা দিতে পারেন যা আপনি চান যে আপনার ডি.ও.ই বিবেচনা করবেন। আপনি যদি আপনার সন্তানের নতুন মূল্যায়ন চান তাহলে ডি.ও.ই প্রতিনিধিকে লিখিত অনুরোধ জানাতে পারেন।

## আই.ই.পি মিটিং

ডি.ও.ই প্রতিনিধি একটি কিন্ডারগার্টেন আই.ই.পি মিটিং ("টার্নিং 5" মিটিং নামেও পরিচিত) ঠিক করবেন। এসব মিটিং সাধারণত ফেব্রুয়ারি থেকে মে মাসের মধ্যে কোনো স্কুল বা সি.এস.ই অফিসে হয়ে থাকে। মিটিংয়ে টিম ঠিক করবে আপনার সন্তান কিন্ডারগার্টেন বিশেষ শিক্ষা পরিষেবার জন্য যোগ্য কিনা। যদি আপনার সন্তান যোগ্য হয়ে থাকে, তখন টিমটি একটি আই.ই.পি তৈরি করবে, যেখানে আপনার সন্তানের ডিজ্যাবিলিটির ধরন, প্রোগ্রামের জন্য সুপারিশ এবং কিন্ডারগার্টেনে আপনার সন্তান যে পরিষেবাগুলি পাবে—এর সবই অন্তর্ভুক্ত থাকবে।

## প্লেসমেন্ট

আই.ই.পি থাকা বেশিরভাগ কিন্ডারগার্টেন শিক্ষার্থীরাই নিকটবর্তী (নন-স্পেশালাইজড) স্কুলে যাবে। সুতরাং, পরিবারগুলির অবশ্যই ডি.ও.ই-র প্রতিবন্ধী এবং অ-প্রতিবন্ধী শিক্ষার্থীদের কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করা উচিত। আপনার সন্তান কিন্ডারগার্টেনে প্রবেশের আগের বছরের ডিসেম্বর এবং জানুয়ারির মাঝে আপনি একটি কেন্দ্রীয় আবেদন অনলাইনে, ফোনে, অথবা ডি.ও.ই অফিসে সম্পূর্ণ করতে পারেন। বেশিরভাগ ডিস্ট্রিক্টে, আপনার সন্তান আপনার পরিবারের ঠিকানার জন্য থাকা জোনড স্কুলটিতে এবং যেখানে তার ভাইবোন পড়ে সেই স্কুলে অগ্রাধিকার পাবে। মার্চ মাসে ডি.ও.ই আপনাকে আপনার সন্তানের প্লেসমেন্ট অফারের বিষয়ে জানিয়ে একটি চিঠি পাঠাবে, এবং আপনাকে সেই স্কুলে নিবন্ধন করার জন্য যেতে হবে। কিন্ডারগার্টেন ভর্তির প্রক্রিয়ার মাধ্যমে আপনার সন্তানকে কোনও স্কুলে প্লেসমেন্ট দেওয়া হলে সেই স্কুলের দায়িত্ব হবে আপনার সন্তানকে তার কিন্ডারগার্টেন আই.ই.পি(বিশেষ ক্লাস অথবা মিলিত সহ-শিক্ষণ কার্যক্রম)-তে থাকা কার্যক্রম এবং পরিষেবাগুলি দেওয়া।

## স্পেশালাইজড স্কুল এবং স্পেশালাইজড কার্যক্রম

আপনার সন্তানের আই.ই.পি বিশেষায়িত ডিস্ট্রিক্ট 75 স্কুলে (সেসব শিক্ষার্থীদের জন্য যাদের নিবিড় চাহিদার কারণে বৃহৎ পরিসর ও অধিক নিবিড় সাপোর্টের প্রয়োজন) বা বিশেয়ারিত প্রোগ্রামের সুপারিশ করতে পারে, যেম্অন দ্বিভাষিক বিশেষ শিক্ষা প্রোগ্রাম বা অটিজম স্পেক্ট্রাম ডিজঅর্ডার থাকা শিক্ষার্থীদের জন্য ASD নেস্ট ও ASD হরাইজন প্রোগ্রাম। যদি আপনার সন্তানের কিন্ডারগার্টেন আই.ই.পি এসব বিশেয়ায়িত স্কুল বা প্রোগ্রামের কোনোটির সুপারিশ করে, তাহলে আপনার সন্তানের কিন্ডারগার্টেন আই.ই.পি মিটিংয়ের পরে ডি.ও.ই আপনাকে একটি স্কুলের প্লেসমেন্ট অফার পাঠাবে যেখানে সুপারিশকৃত আই.ই.পি প্রোগ্রাম রয়েছে।

**আরো তথ্যের জন্য...**

**প্রিস্কুল থেকে কিন্ডারগার্টেন বিশেষ শিক্ষা কার্যক্রমে উত্তরণ** :
AFC এর টার্নিং 5 গাইড:
https://www.advocatesforchildren.org/who_we_serve/early_childhood

ডি.ও.ই এর টার্নিং 5 ওয়েবসাইট:
bit.ly/DOE-K-IEP

***সকল শিক্ষার্থীর জন্য কিন্ডারগার্টেনে ভর্তি প্রক্রিয়া:***

AFC এর কিন্ডারগার্টেন অ্যাডমিশনস গাইড:
https://www.advocatesforchildren.org/who_we_serve/early_childhood

ডি.ও.ই এর কিন্ডারগার্টেন অ্যাডমিশনস ওয়েবসাইট:
schools.nyc.gov/kindergarten



# যথাযথ প্রক্রিয়ার অধিকার



আইন অনুসারে, অভিভাবক হিসেবে আপনার সন্তানের বিশেষ শিক্ষা পরিষেবার সম্পর্কে শিক্ষা দপ্তরের (ডি.ও.ই) সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করার যথাযথ প্রক্রিয়ার অধিকার আপনার রয়েছে। উদাহরণ হিসেবে এই যথাযথ প্রক্রিয়ার অধিকার প্রযোজ্য হয় যদি সি.পি.এস.ই আপনার সন্তানের জন্য এমন কোনও বিশেষ শিক্ষা পরিষেবার সুপারিশ করে থাকে যেটি আপনি সঠিক মনে করছেন না, অথবা সি.পি.এস.ই সিদ্ধান্ত নেয় যে আপনার সন্তান পরিষেবাগুলির জন্য অযোগ্য এবং আপনি সেই সিদ্ধান্তের সঙ্গে একমত না হন। আপনার বিকল্পগুলি হল একটি স্টেট অভিযোগ, মধ্যস্থতা, অথবা নিরপেক্ষ শুনানি।

## স্টেট কমপ্লেইন্ট

বিশেষ শিক্ষা আইনে কোনোরূপ উল্লঙ্ঘন সম্পর্কে নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টে (এন.ওয়াই.এস.ই.ডি) আনুষ্ঠানিক অভিযোগ করার অধিকার আপনার রয়েছে। স্টেট কমপ্লেইন ফর্মের একটি নমুনার জন্য: http://www.p12.nysed.gov/specialed/formsnotices/samplecomplaint.htm দেখুন। যদি এন.ওয়াই.এস.ই.ডি সিদ্ধান্ত নেয় যে ডি.ও.ই আপনার অধিকার উল্লঙ্ঘন করছে, এটি ডি.ও.ই-কে সেই উল্লঙ্ঘনকে সংশোধন করতে এবং পরিষেবা প্রদান করার নির্দেশ দিতে পারে।

আপনি আপনার সন্তানের অধিকার উল্লঙ্ঘন সম্পর্কিত অভিযোগ ইউ.এস ডিপার্টমেন্ট অফ এডুকেশনের অফিস অফ সিভিল রাইটসেও জানাতে পারেন। এই সংক্রান্ত তথ্য এখানে উপলব্ধ http://www2.ed.gov/about/offices/list/ocr/complaintprocess.html.

## মধ্যস্থতা

মধ্যস্থতা হলো মতপার্থক্য সুরাহা করার জন্য একটি মিটিং যা প্যারেন্ট, একজন ডি.ও.ই প্রতিনিধি ও একজন বাইরের নিরপেক্ষ মধ্যস্থতাকারীর মাঝে হয়ে থাকে। শুনানির আবেদন করার পূর্বে মধ্যস্থতা করার কোনো বাধ্যবাধকতা নেই। মধ্যস্থতা শুরু করার পূর্বে বা পরে যেকোনো সময় আপনি নিরপেক্ষ শুনানির আবেদন জানাতে পারেন। মধ্যস্থতাকারী কোনো বিচারক না হলেও তিনি মতপার্থক্য সংক্রান্ত মীমাংসায় আসতে অন্যদেরকে সাহায্য করার জন্য প্রশিক্ষিত। মধ্যস্থতার আবেদন জানাতে আপনার লিখিত আবেদন আপনার স্থানীয় সি.পি.এস.ই ও স্থানীয় মধ্যস্থতাকারী সেন্টারে জমা দিন। স্থানীয় মধ্যস্থতাকারী সেন্টারের তালিকা পাওয়া যাবে এই ঠিকানায় https://www.schools.nyc.gov/special-education/help/resolving-issues। উভয়পক্ষকেই মধ্যস্থতায় অংশ নিতে রাজি থাকতে হবে। যদি উভয়পক্ষ মধ্যস্থতার মাধ্যমে কোনো মীমাংসায় আসে তাহলে ডি.ও.ই এবং প্যারেন্টকে তা মেনে নিতে হবে।

# নিরপেক্ষ শুনানি

একটি নিরপেক্ষ শুনানি একজন নিরপেক্ষ শুনানি কর্মকর্তার সামনে অনুষ্ঠিত হয়, যিনি আপনার কেসের জন্য একজন বিচারক হিসাবে কাজ করেন। শুনানি কর্মকর্তা একজন স্বাধীন সিদ্ধান্ত গ্রহণকারী যিনি ডি.ও.ই-এর কোনো কর্মী নন। তার আপনি ও ডি.ও.ই এই উভয় পক্ষের সাক্ষ্য শোনার এবং তাদের থেকে প্রমাণ গ্রহণ করার এবং তারপরে উপযুক্ত সমাধানের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা আছে। যেহেতু শুনানি একটি আনুষ্ঠানিক প্রক্রিয়া, পিতামাতারা প্রায়ই তাঁদের প্রতিনিধিত্ব করতে একজন আইনজীবী বা অ্যাটর্নি সঙ্গে নিয়ে আসেন। স্টেট রিভিউ অফিসারের কাছে কোনো পক্ষ যদি আপীল না করে তাহলে একজন শুনানি কর্মকর্তার সিদ্ধান্ত ডি.ও.ই এবং পিতামাতা, এই দুই পক্ষকেই পালন করতে হবে।

শুনানি প্রক্রিয়াতে কয়েক মাস লেগে যেতে পারে। এই সময়কালে আপনার সন্তানের **পেন্ডেন্সির** অধিকার রয়েছে। সাধারণত এর মানে হলো যতক্ষণ পর্যন্ত শুনানি অফিসার চূড়ান্ত সিদ্ধান্ত না নিচ্ছে, ততক্ষণ পর্যন্ত সর্বশেষ আই.ই.পিতে সব পক্ষের সম্মতিতে গৃহীত প্রোগ্রাম ও পরিষেবাগুলি পাওয়ার অধিকার আপনার সন্তানের রয়েছে। পেন্ডেন্সি সেসব পরিস্থিতির জন্য যেখানে আপনার সন্তানের একটি আই.ই.পি ছিল যাতে আপনার সম্মতি ছিল কিন্তু পরে সি.পি.এস.ই আপনার সন্তানের আই.ই.পি নতুন প্রোগ্রামে পরিবর্তন করে দেয় যা আপনি সাপোর্ট করেন না। নতুন আই.ই.পি কে চ্যালেঞ্জ করে আপনি শুনানির আবেদন করতে পারেন এবং শুনানির আবেদনে কেসটি চলার সময় আপনি আগের আই.ই.পিতে থাকা পরিষেবাগুলি যেন অব্যাহত থাকে তার জন্য অনুরোধ জানাতে পারেন।



যদি আপনার সন্তান আর্লি ইন্টারভেনশন(ই.আই) থেকে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবায় যাচ্ছে এবং আপনি আপনার সন্তানের প্রথম আই.ই.পি নিয়ে অসম্মত হন তাহলে কিন্তু আপনার সন্তানের ই.আই. পরিষেবায় স্থগিতাবস্থার অধিকার থাকবে না। কিন্তু যদি আপনি আপনার সন্তানের প্রথম আই.ই.পি নিয়ে অসম্মত হন এবং নিরপেক্ষ শুনানির আবেদন করে থাকেন, ডি.ও.ই-কে অবশ্যই সেই পরিষেবাগুলি দিতে হবে যেগুলি নিয়ে বিরোধ নেই। যেমন, যদি আপনার সন্তানের প্রথম আই.ই.পি উল্লেখ করা হয় যে আপনার সন্তান শুধুমাত্র স্পিচ থেরাপি পাবে, কিন্তু আপনি মনে করেন আপনার সন্তানের ফিজিক্যাল থেরাপিরও প্রয়োজন রয়েছে তাহলে আপনি ফিজিক্যাল থেরাপির জন্য শুনানির আবেদন করতে পারেন। শুনানি চলাকালীন ডি.ও.ই-কে আপনার সন্তানকে স্পিচ থেরাপি দিতে হবে যেহেতু পিতামাতা এবং ডি.ও.ই উভয়ই এই ব্যাপারে সম্মত যে আপনার সন্তানের স্পিচ থেরাপির প্রয়োজন রয়েছে।

**আরও জানুন:**
কিভাবে একটি নিরপেক্ষ শুনানির আবেদন করতে হয় সেই বিষয়ে আরও জানতে অনুগ্রহ করে অ্যাডভোকেটস ফর চিলড্রেন-এর ইমপার্শিয়াল হিয়ারিং গাইড দেখুন যা এখানে উপলভ্য http://www.advocatesforchildren.org/sites/default/files/library/impartial_hearings.pdf.

# যোগাযোগের তথ্য



আপনার সন্তানের জন্য প্রিস্কুল ও চাইল্ড কেয়ার প্রোগ্রাম খুঁজে পেতে সাহায্যের দরকার হলে আপনি **নিউ ইয়র্ক সিটি চাইল্ড কেয়ার রিসোর্সেস এন্ড রেফারাল কনসোর্টিয়ামে** যোগাযোগ করতে পারেন টোল ফ্রি **(888) 469-5999** এই নম্বরে। এই এজেন্সির নেটওয়ার্ক আপনাকে আর্লিলার্ন NYC, হেড স্টার্ট, চাইল্ড কেয়ার, 3 -K ও প্রি-K প্রোগ্রাম খুঁজে পেতে সাহায্য করবে। এরকম কিছু প্রোগ্রামের তথ্য জানতে পৃষ্ঠা 23-24 দেখুন। চাইল্ড কেয়ার বিশেষজ্ঞ আপনার কাছ আপনার সন্তানের বয়স ও কী ধরনের প্রোগ্রাম আপনার প্রয়োজন তা জেনে নেবে এবং এরপর তারা আপনার এরিয়াতে যারা প্রোভাইডার আছে তাদের তালিকা প্রদান করবে। আপনাকে সরাসরি প্রোগ্রামগুলিতে যোগাযোগ করে জেনে নিতে হবে যে তাদের কোনো আসন খালি আছে কিনা এবং আপনি তাদেরকে পরিদর্শন করতে পারেন যাতে আপনি সিদ্ধান্ত নিতে পারেন কোন প্রোগ্রাম আপনার সন্তানের জন্য উপযুক্ত। আরও তথ্যের জন্য, ভিজিট করুন http://www.nyccrr.org।

আপনি যেকোনো চাইল্ড কেয়ার রিসোর্স ও রেফারাল এজেন্সির সাথেও সরাসরি যোগাযোগ করতে পারেন:

**চাইল্ড ডেভেলপমেন্ট সাপোর্ট কর্পোরেশন**
(718) 398-6738
www.cdscnyc.org

**চাইনিজ-আমেরিকান প্ল্যানিং কাউন্সিল**
(212) 941-1828 (ইংরেজি) • (212) 792-4597 (চীনা) • info@childcarecpc.org
http://www.childcarecpc.org/child-care-request-form

**দ্য কমিটি ফর হিস্প্যানিক চিলড্রেন অ্যান্ড ফ্যামিলিজ, আই.এন.সি.**
(212) 206-1090 • info@chcfinc.org
https://www.chcfinc.org/for-families

**ডে কেয়ার কাউন্সিল অফ নিউ ইয়র্ক, আই.এন.সি.**
(212) 206-7818 • info@dccnyinc.org
http://www.dccnyinc.org/view/page/child_care_info_request_form

# বিশেষ শিক্ষা কমিটি
# (প্রিস্কুল বিশেষ শিক্ষা কমিটি সহ)

| অঞ্চল | সভাপতি | ডিসট্রিক্ট | ঠিকানা | ফোন/ফ্যাক্স # |
|---|---|---|---|---|
| 1 | স্টিভেন বার্কল্যান্ড | 7, 9, 10 | ওয়ান ফোর্ডহ্যাম প্লাজা 7th Fl.<br>ব্রঙ্কস, 10458 | (718) 329-8001<br>ফ্যাক্স: (718) 741-7928 |
| 2 | ট্রিসিয়া ডি ভিটো | 8, 11, 12 | 3450 ই. ট্রেমন্ট Ave., 2nd Fl.<br>ব্রঙ্কস, 10465 | (718) 794-7420<br>স্প্যান: (718) 794-7490<br>ফ্যাক্স: (718) 794-7445 |
| 3 | জেনিফার লোজানো | 25, 26 | 30-48 লিন্ডেন প্লাজা.<br>ফ্লাশিং, 11354 | (718) 281-3461<br>ফ্যাক্স: (718) 281-3478 |
| | | 28, 29 | 90-27 স্টাফিন বুলেভার্ড.<br>জামাইকা, 11435 | (718) 557-2553<br>ফ্যাক্স: (718) 557-2620 |
| 4 | ক্রিস চিনিকোলা | 24, 30 | 28-11 কুইন্স প্লাজা N, 5th Fl.<br>লং আইল্যান্ড সিটি, 11101 | (718) 391-8405<br>ফ্যাক্স: (718) 391-8552 |
| | | 27 | স্যাটেলাইট অফিস<br>82-01 রকওয়ে বুলেভার্ড., 2nd Fl.<br>ওজোন পার্ক, 11416 | (718) 642-5715<br>ফ্যাক্স: (718) 642-5891 |
| 5 | জেরাল্ডিন বোভিল | 19, 23, 32 | 1665 সেন্ট মার্কস অ্যাভিনিউ<br>ব্রুকলিন, 11233 | (718) 240-3558<br>ফ্যাক্স: (718) 240-3555 |
| 6 | আর্লেন রোসেনস্টক | 17, 18, 22 | 5619 ফ্ল্যাটল্যান্ডস অ্যাভিনিউ.<br>ব্রুকলিন, 11234 | (718) 968-6200<br>ফ্যাক্স: (718) 968-6253 |
| 7 | নোয়েল কিচেন | 31 | 715 ওশান টেরেস বিল্ডিং. A<br>স্ট্যাটেন আইল্যান্ড, 10301 | (718) 420-5790<br>ফ্যাক্স: (718) 420-5787 |
| | ডিনা বেনানতি | 20, 21 | 415 89th Street<br>ব্রুকলিন, 11209 | (718) 759-4900<br>ফ্যাক্স: (718) 759-4970 |
| 8 | ক্যারোলাইন ড্যানার | 13, 14, 15, 16 | 131 লিভিংস্টোন St., 4th Fl.<br>ব্রুকলিন, 11201 | (718) 935-4900<br>ফ্যাক্স: (718) 935-5167 |
| 9 | নিকোলাস চেভারিয়া | 1, 2, 4 | 333 7th অ্যাভিনিউ., 4th Fl.<br>নিউ ইয়র্ক, 10001 | (917) 339-1600<br>ফ্যাক্স: (917) 339-1450 |
| 10 | ফাবিয়ানা শ্যারমেরিস্কি | 3, 5, 6 | 388 ওয়েস্ট 125th St., 7th Fl.<br>নিউ ইয়র্ক, 10027 | (212) 342-8300<br>ফ্যাক্স: (212) 342-8427 |

# অতিরিক্ত রিসোর্সেস

যদি আপনার প্রিস্কুল বা প্রিস্কুল বিশেষ শিক্ষা প্রোগ্রামের ব্যাপারে প্রশ্ন থাকে, তাহলে আপনি **অ্যাডভোকেটস ফর চিল্ড্রেনের হেল্পলাইনে** কল করতে পারেন টোল ফ্রি **(866) 427-6033** এই নম্বরে প্রতি সোমবার থেকে বৃহস্পতিবার সকাল 10টা থেকে বিকাল 4টা পর্যন্ত।

নিউ ইয়র্ক সিটির শিক্ষা পরিষেবার উপর এই গাইড ও অতিরিক্ত রিসোর্সেস আমাদের ওয়েবসাইটেও উপলভ্য **www.advocatesforchildren.org** এই ঠিকানায়।

আর্লি চাইল্ডহুড এডুকেশন পেইজে গিয়ে আর্লি ইন্টারভেনশন, আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম, কিন্ডারগার্টেনে আবেদন প্রক্রিয়া এবং আই.ই.পি থাকা শিশুদের কিন্ডারগার্টেনে উত্তরণ সম্পর্কে জানতে পারবেন।

এই গাইডে যেসব বিষয় কভার করা হয়েছে সেগুলির ব্যাপারে আরও জানতে আপনি ডি.ও.ই ওয়েবসাইট ও রিসোর্সেস দেখতে পারেন। আপনি ডি.ও.ই গাইড টু দা ই.আই-টু-প্রিস্কুল ট্রানজিশন ও ডি.ও.ই ফ্যামিলি গাইড টু প্রিস্কুল স্পেশাল এডুকেশনের কপি ডি.ও.ই প্রিস্কুল স্পেশাল এডুকেশন পেইজে পেয়ে যাবেন http://bit.ly/DOE-Preschool-IEP এই ঠিকানায়।

| যে বিষয়ে অতিরিক্ত সাপোর্ট দরকার.... | যার সাথে যোগাযোগ করতে পারেন... |
|---|---|
| আর্লি ইন্টারভেনশন থেকে উত্তরণ | eitopreschool@schools.nyc.gov |
| প্রিস্কুল সম্পর্কিত পরিষেবা | relatedservices@schools.nyc.gov |
| কিন্ডারগার্টেনে উত্তরণ | turning5@schools.nyc.gov |
| 3-K, প্রি-K, আর্লিলার্নে অন্তর্ভুক্তি | অন্তর্ভুক্তির নম্বর 718-935-2009 |
| ডি.ও.ই আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম | ডি.ও.ই আউটরিচ টিমের নম্বর 212-637-8000 |

বিশেষ শিক্ষা সংক্রান্ত যেকোনো বিষয় বা উদ্বেগের জন্য আপনি ডি.ও.ই স্পেশাল এডুকেশন হটলাইনেও যোগাযোগ করতে পারেন 718-935-2007 এই নম্বরে বা specialeducation@schools.nyc.gov এই ইমেইল ঠিকানায়। ডি.ও.ই কে পাঠানো ইমেইলের কপি আপনি AFC কে দিতে পারেন preschool@afcnyc.org **বা** kindergarten@afcnyc.org এই ইমেইল ঠিকানায়।

# সহায়তামূলক পরামর্শ

- ✓ **আপনার সন্তানের বিশেষ শিক্ষা সংক্রান্ত নথিপত্র** (যেমন আই.ই.পি এবং মূল্যায়নগুলি) এবং সমস্ত চিঠিপত্র এবং তার প্রিস্কুলের প্রশিক্ষক ও পরিষেবা প্রদানকারীদের থেকে প্রাপ্ত রিপোর্টগুলি তারিখ অনুযায়ী সাজিয়ে একটি ফাইলে রাখুন।
- ✓ **লিখে রাখুন:** শিক্ষা দপ্তরের সমস্ত কর্মী এবং বাইরের চিকিৎসকদের (যেমন ডাক্তার এবং থেরাপিস্ট) সঙ্গে হওয়া সমস্ত কথাবার্তা এবং মিটিং-এর তারিখ ও সময় লিখে রাখতে নিজের কাছে একটি নোটবুক রাখুন। কথোপকথনের পরে লিখিতভাবে, চিঠিতে অথবা ই-মেলে, তার ফলো আপ করুন এবং একটি কপি নিজের কাছে রাখুন যাতে আপনার কাছেও রেকর্ড থাকে। আপনি যদি ডি.ও.ই-র সঙ্গে ফোনে কোনও কথা বলে থাকেন তাহলে ফোনে যার সঙ্গে কথা বলেছেন সেই ব্যক্তির নাম এবং ফোন নম্বরটি লিখে রাখুন।
- ✓ **সমস্ত গুরুত্বপূর্ণ তথ্য সার্টিফায়েড মেল,** প্রাপ্তিস্বীকারের রসিদের অনুরোধ করে অথবা নিশ্চিতকরণ সহ ফ্যাক্সের মাধ্যমে পাঠান যাতে আপনার কাছে সেটি পাঠানোর প্রমাণ থাকে।
- ✓ **আপনার শিশুর সঙ্গে যারা কাজ করেন তাদের সঙ্গে কথা বলুন,** সবকিছু যখন ঠিকঠাক চলবে অথবা ঠিকঠাক চলছে না তখন শিক্ষক-শিক্ষিকাদের সঙ্গে কথা বলুন এবং নিজেকে একজন চিন্তান্বিত এবং সচেতন মাতাপিতা হিসেবে প্রতিষ্ঠিত করুন।
- ✓ **হাল ছাড়বেন না।** যদি কেউ বলেন যে আপনার সন্তানের জন্য আর কিছু করা সম্ভবপর নয়, দ্বিতীয় আরেকটি অভিমত নিন।
- ✓ **একটি ফলপ্রসূ কথোপকথন বজায় রাখুন।** এমনকি আপনি যদি কোনও ঘটনার কারণে রেগেও যান, নিজের বক্তব্যটি বলার সময় শান্তভাবে বলার চেষ্টা করুন।
- ✓ **আপনার সঙ্গে কোনও বন্ধু,** পরিবারের একজন সদস্য বা স্কুলের বাইরে আপনার সন্তানকে চেনে এমন কোনও ব্যক্তিকে আই.ই.পি সাক্ষাৎকারে নিয়ে আসুন যদি আপনার মনে হয় যে আপনার মতামত ডি.ও.ই শুনছে না।
- ✓ **ফলো আপ করুন।** যদি আপনি কোনো ইমেইল বা কলের রেস্পন্স না পেয়ে থাকেন বা ঠিকমত পরিষেবা না দেওয়া হয়ে থাকে, তাহলে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির সাথে ফলো আপ করুন যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে আপনার সি.পি.এস.ই অ্যাডমিনিস্ট্রেটর, সি.এস.ই চেয়ারপার্সন ও ডি.ও.ই এর কন্ট্যাক্ট যাদের তথ্য পৃষ্ঠা 33 ও 34 এ দেওয়া আছে।

## আমাদের মিশন

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক (এ.এফ.সি)-র মিশন হল নিম্ন আয়ের পটভূমি থেকে আসা শিক্ষার্থীদের উপর বিশেষ মনোযোগ সহ নিউ ইয়র্কের সেই সমস্ত শিক্ষার্থীদের জন্য উচ্চ মানের শিক্ষা নিশ্চিত করা যারা শিক্ষাগত সাফল্যের ক্ষেত্রে প্রতিবন্ধকতার সম্মুখীন হচ্ছে। এ.এফ.সি এটি চারটি সুসংহত কৌশলের মাধ্যমে এটি অর্জন করে:

- শিক্ষার্থীদের পরিবারের জন্য বিনামূল্যে পরামর্শ এবং আইনি সহায়তা;
- পিতামাতা, কমিউনিটি এবং শিক্ষক ও অন্যান্য পেশাদারদের বিনামূল্যে প্রশিক্ষণ এবং ওয়ার্কশপের আয়োজন করা যা তাদের শিক্ষার্থীদের প্রবক্তা হতে সাহায্য করবে;
- শিক্ষা প্রণালীর পরিবর্তন এবং শিক্ষার ফলাফল আরও উন্নত করার জন্য নীতির প্রবক্তা হওয়া; এবং
- উচ্চ মানের শিক্ষা পাওয়ার অধিকার রক্ষা করতে এবং শিক্ষার জন্য প্রয়োজনীয় সংস্কার সাধনে বাধ্য করতে ইমপ্যাক্ট লিটিগেশন (একাধিক ব্যক্তির অধিকার রক্ষায় করা মামলা) করা।

**এখনো আরো প্রশ্ন আছে? অনুগ্রহ করে জিল চাইফেটজ এডুকেশন হেল্পলাইনে কল করুন:**
সোমবার থেকে বৃহস্পতিবার
সকাল ১০টা থেকে বিকেল ৪টে
866-427-6033 (টোল ফ্রি)

**Advocates for Children of New York, Inc.**
151 West 30th Street, 5th Floor
New York, NY 10001
Phone • 212-947-9779
Fax • 212-947-9790
info@advocatesforchildren.org
www.advocatesforchildren.org

/advocatesforchildren
@AFCNewYork
@AFCNewYork